

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২০১৩-১৪ অর্থ বছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের উপর
মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সার-সংক্ষেপ

ক্র. নং	মন্ত্রণালয়ের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন -সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন -সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	৪	৪	--	--	১	৪	০৬ মাস (২০%) - ০১ বছর (৫০%)	১	৬১০.৫০ (৬.২০%)

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে ২০১৩-১৪ অর্থ বছরের এডিপিভুক্ত ০৪টি প্রকল্প সমাপ্ত হয়েছে।

২। সমাপ্ত প্রকল্পের প্রকৃত ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

ক্র.নং	প্রকল্পের নাম	প্রকৃত ব্যয় (লাড়া টাকা)	প্রকৃত মেয়াদকাল	মেয়াদ বৃদ্ধির কারণ
১	২	৩	৪	৫
১.	বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের ইনডোর প্রশিক্ষণের জন্য সিনথেটিক টার্কসহ বেইলম্যান হ্যাংগার নির্মাণ	৪৩৪৭.২৩	জানু/১১ হতে মার্চ/১৪	চাহিদার তুলনায় বরাদ্দ অপ্রতুল হওয়ার কারণে কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে কাজ সম্পন্ন করা যায়নি।
২.	গোপালগঞ্জ জেলা সদরে সুইমিংপুল ও জিমন্যাসিয়াম নির্মাণ, শেখ কামাল স্টেডিয়ামের উন্নয়ন, পুরাতন জেলা স্টেডিয়ামের মেরামত সংস্কার এবং মহিলা ক্রীড়া কমপ্লেক্স নির্মাণ	১০৪৪৪.৬৩	জানু/১১ হতে ডিসে/১৩	চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় বরাদ্দ অপ্রতুলতা।
৩.	পাবনা জেলার শহীদ এ্যাডভোকেট আমিনউদ্দিন স্টেডিয়ামের সংস্কার ও উন্নয়ন।	৯৫০.৯৭	এপ্রিল/১৩ হতে জুন/১৪	মাঠের পুরাতন স্থাপনা অপসারণ, দরপত্র আহবান এবং ঠিকাদার নির্বাচনে বিলম্ব।
৪.	গাজীপুর জেলার টং গীস্থ টিএসএস মাঠে স্টেডিয়াম নির্মাণ	৭০২.৩৭	জুলাই/১২ হতে জুন/১৪	টঙ্গী টিএসএস মাঠটি বাংলাদেশ টেলিফোন শিল্প সংস্থার, যা হস্তান্তরে বিলম্ব, যথাসময়ে সাইট বুঝে না পাওয়া এবং মন্ত্রণালয়ের সাথে সংস্থার এমওইউ স্বাক্ষর না হওয়া।

৩। সমস্যা ও সুপারিশঃ

সমস্যা	সুপারিশ
<p>৩.১ ইনডোর স্পেস এ অস্বাভাবিক গরম অনুভূত হয়েছে। এখানে বিশেষ করে গরমকালে অনুশীলন করার অনুকূল পরিবেশ নেই। সাধারণ মানের কিছু exhaust fan লাগানো আছে যা দিয়ে এই বিশাল ইনডোর স্পেসের তাপমাত্রা সহনীয় পর্যায়ে রাখা সম্ভব নয়।</p> <p>৩.২ অডিটোরিয়ামে acounstic sound system এর ব্যবস্থা না থাকায় এর বহুবিধ ব্যবহারের চাহিদা হ্রাস পাবে।</p> <p>৩.৩ নির্ধারিত সময় অন্তর স্টিল স্টাকচার সমূহের কারিগরি দিকগুলি নিয়মিত পরীক্ষা না করলে অনুশীলনরত খেলোয়াড়দের জীবনের ঝুঁকি থেকে যাবে।</p>	<p>৩.১ তাপমাত্রা সহনীয় পর্যায়ে রাখতে হেভী ডিউইটির exhaust fan লাগানো যেতে পারে।</p> <p>৩.২ মাল্টিপারপাস কাজে ব্যবহারের নিমিত্ত অডিটোরিয়ামে acounstic sound system এর ব্যবস্থা করা যেতে পারে।</p> <p>৩.৩ নির্ধারিত সময় অন্তর নিরাপত্তা নিশ্চিতকরণে স্টিল স্টাকচার সমূহের কারিগরি দিকগুলি নিয়মিত পরীক্ষা করতে হবে।</p>
<p>৩.৪ শেখ কামাল স্টেডিয়ামের মিডিয়া সেন্টারের তিনতলায় প্রেস এন্ড ভেন্যু কন্ট্রোল কক্ষের সামনের টেম্পার্ড গ্লাসের জয়েন্ট ভেংগে যাওয়ায় পাশের গ্লাস দুর্বল হয়ে পড়েছে</p>	<p>৩.৪ শেখ কামাল স্টেডিয়ামের মিডিয়া সেন্টারের তিন তলায় প্রেস এন্ড ভেন্যু কন্ট্রোল কক্ষের সামনের টেম্পার্ড গ্লাসের জয়েন্ট অতি সত্বর মেরামত /পরিবর্তনসহ দীর্ঘ স্থায়ীত্বের জন্য এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>
<p>৩.৫ মহিলা ক্রীড়া কমপ্লেক্সের সুইমিং পুলে সরবরাহের জন্য উত্তোলিত পানিতে বালু উঠে আসে যা সুইমিং এর জন্য স্বাস্থ্যসম্মত নয়।</p>	<p>৩.৫ মহিলা ক্রীড়া কমপ্লেক্সের সুইমিং পুলের পানি বালুমুক্ত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>
<p>৩.৬ প্যাভিলিয়ন ভবনের নিচতলায় স্টোর রুমের মেঝেতে ফাটল ,প্যাভিলিয়ন ভবনের লবি'র ওপেনিং এ গ্লাস না লাগানো, অভ্যন্তরীণ রাস্তার কিছু অংশের ঢালাই ক্ষতিগ্রস্ত হয়ে পড়া এবং আউটার মাঠ ভরাট করার পর সমতল না হওয়া।</p>	<p>৩.৬ প্যাভিলিয়ন ভবনের নিচতলায় স্টোর রুমের ফ্লোর নতুন করে ঢালাই/সংস্কার করতে হবে, ভবনের নিচতলায় লবি'র ওপেনিং এ গ্লাস লাগিয়ে বাতাস প্রবাহের ব্যবস্থা করতে হবে , ভবনের সামনে অভ্যন্তরীণ রাস্তার ক্ষতিগ্রস্ত অংশ দ্রুত মেরামত করতে হবে এবং স্টেডিয়ামের বাইরে পশ্চিম পাশের খোলা অংশের অসমতল অংশটুকু মাটি ভরাট করে সমতল করতে হবে।</p>
<p>৩.৭ মাঠের বাইরে পাবলিক টয়লেট জোনের কয়েকটি কমোডের ফ্লাশ কাজ করে না এবং কমোড বা ইউরেনালগুলির অধিকাংশই ক্ষতিগ্রস্ত হয়েছে।</p>	<p>৩.৭ প্যাভিলিয়ন ভবনের টয়লেট জোনের কমোডের র ফ্লাশগুলি কার্যক্ষম করতে প্রয়োজনীয় সংস্কার করতে হবে এবং মাঠের বাইরে পাবলিক টয়লেট জোনের কমোড বা ইউরেনালগুলি দ্রুত মেরামত করে ব্যবহার উপযোগি করতে হবে।</p>
<p>৩.৮ প্যাভিলিয়ন ভবনের দোতলার দুটি কক্ষের মাঝের পার্টিশান দেওয়ালে হেয়ারক্র্যাক দেখা গেছে।</p>	<p>৩.৮ প্যাভিলিয়ন ভবনের দোতলার পার্টিশান দেওয়ালের হেয়ারক্র্যাক দ্রুত মেরামত করতে হবে।</p>
<p>৩.৯ প্রকল্পের শুরুতেই নির্মাণ কাজের ও মাঠ ব্যবহারের সুবিধার্থে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সাথে বাংলাদেশ টেলিফোন শিল্প সংস্থার একটি এমওইউ স্বাক্ষর হওয়ার কথা ছিল। সমাপ্তি মূল্যায়ন প্রনয়নকালে জানা যায়, এমওইউ স্বাক্ষর হয়নি।</p>	<p>৩.৯ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সাথে বাংলাদেশ টেলিফোন শিল্প সংস্থার মধ্যে দ্রুত এমওইউ স্বাক্ষর সম্পন্ন করতে হবে।</p>

গোপালগঞ্জ জেলা সদরে সুইমিংপুল ও জিমন্যাসিয়াম নির্মাণ, শেখ কামাল স্টেডিয়ামের উন্নয়ন, পুরাতন জেলা স্টেডিয়ামের মেরামত সংস্কার এবং মহিলা ক্রীড়া কমপ্লেক্স নির্মাণ

প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত ঃ ডিসেম্বর, ২০১৩)

- ১। প্রকল্পের নাম ঃ গোপালগঞ্জ জেলা সদরে সুইমিংপুল ও জিমন্যাসিয়াম নির্মাণ, শেখ কামাল স্টেডিয়ামের উন্নয়ন, পুরাতন জেলা স্টেডিয়ামের মেরামত সংস্কার এবং মহিলা ক্রীড়া কমপ্লেক্স নির্মাণ।
- ২। বাস্তবায়নকারী সংস্থা ঃ জাতীয় ক্রীড়া পরিষদ
- ৩। উদ্যোগী মন্ত্রণালয় /বিভাগ ঃ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
- ৪। প্রকল্পের অবস্থান ঃ গোপালগঞ্জ জেলা সদর
- ৫। প্রকল্প বাস্তবায়ন সময় ও ব্যয় ঃ

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল			প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সংশোধিত		মূল	মেয়াদ বৃদ্ধি (১ম বার)	মেয়াদ বৃদ্ধি (২য় বার)			
৯৮৩৪.১৩	১০৪৪৪.৬৩	১০৩৯৪.১৩	০১.০১.২০১১ হতে ৩০.০৬.২০১৩	০১.০১.২০১১ হতে ৩১.০৯.২০১৩	০১.০১.২০১১ হতে ৩১.১২.২০১৩	০১.০১.২০১১ হতে ৩১.১২.২০১৩	৬১০.৫০ (৬.২০%)	০৬ মাস (২০%)

৬। সাধারণ পর্যবেক্ষণঃ

৬.১ প্রকল্পের উদ্দেশ্যঃ

গোপালগঞ্জ সদরে খেলাধুলার মানোন্নয়ন এবং খেলাধুলার অবকাঠামোগত সুবিধাদি নির্মাণ প্রকল্পের অন্যতম উদ্দেশ্য।

৬.২ প্রকল্প গ্রহণের পটভূমিঃ

গোপালগঞ্জ স্টেডিয়ামটি একমাত্র ভেন্যু যেখানে সারা বছর খেলোয়াড়রা অনুশীলন করতে পারে এবং বিভিন্ন প্রকার প্রতিযোগিতামূলক খেলাধুলা অনুষ্ঠিত হয়ে থাকে। অনুশীলন ও প্রতিযোগিতায় অংশ গ্রহণ করার মাধ্যমে একজন খেলোয়াড় গড়ে ওঠে। অন্যদিকে খেলাধুলাকে সাধারণ শিক্ষার একটি আবশ্যিক অংগ হিসাবে বিবেচনা করা হয়ে থাকে। খেলাধুলা জাতীয় সচেতনতা এবং আত্মবিশ্বাসে বলিয়ান করে তোলে। এ প্রেক্ষাপটে সরকার দেশের অভ্যন্তরে খেলাধুলার মান উন্নয়নের জন্য নানা প্রকার অবকাঠামো নির্মাণের উদ্যোগ নিয়েছেন। এরই ধারাবাহিকতায় গোপালগঞ্জ জেলা সদরে খেলাধুলার মান উন্নয়ন ও খেলাধুলার জন্য অবকাঠামো নির্মাণকল্পে বিবেচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছিল। প্রকল্পটির নির্মাণকাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে।

৬.৩ প্রকল্পের অনুমোদন অবস্থাঃ

মূল প্রকল্পটি গত ০৯.০৩.২০১১ তারিখে ৯৮৩৪.১৩ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ০১.০১.২০১১ হতে ৩০.০৬.২০১৩ মেয়াদ বাস্তবায়নের জন্য একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ০৭.০২.২০১৩ তারিখে মেয়াদ অপরিবর্তিত রেখে প্রাক্কলিত ব্যয় বৃদ্ধি করে ১০৪৪৪.৬৩ লক্ষ টাকা নির্ধারণপূর্বক ডিপিপি সংশোধন করা হয়। এর পর ব্যয় ব্যতিরেকে ৬ মাস সময় বৃদ্ধি করে বাস্তবায়ন মেয়াদ ০১.০১.২০১১ হতে ৩১.১২.২০১৩ করা হয়।

৬.৪ প্রকল্পের মূল কার্যক্রম :

প্রকল্পের আওতায় সুইমিং পুল নির্মাণ, জিমন্যসিয়াম নির্মাণ, শেখ কামাল স্টেডিয়ামের অধিকতর উন্নয়ন (প্যাভিলিয়ন ভবন নির্মাণ, মিডিয়া সেন্টার নির্মাণ, সাধারণ গ্যালারির নির্মাণ, এলইডি জায়ান্ট স্ক্রীন স্থাপন, ফ্লাড লাইট স্থাপন, কার পার্কিং এবং গেইট নির্মাণ), পুরাতন জেলা স্টেডিয়ামের সংস্কার ও মেরামত এবং গোপাল গঞ্জ মহিলা ক্রীড়া কমপ্লেক্স (অফিস কাম হোস্টেল, সুইমিং পুল এবং জিমন্যসিয়াম নির্মাণ), একটি মাইক্রোবাস ক্রয় ইত্যাদি উল্লেখযোগ্য কার্য সম্পাদন করা হয়েছে।

৬.৫ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

ক্র: নং	কর্মকর্তার নাম ও পদবী	মেয়াদকাল	
		শুরু	শেষ
১।	জনাব পিযুষ কান্তি নাথ, উপ সচিব	১৬.০৬.২০১১	৩১.১২.২০১৩

৬.৬ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি :

প্রকল্পের অনুমোদিত ব্যয় ১০৪৪৪.৬৩ লক্ষ টাকার বিপরীতে মোট ১০৩৯৪.১৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে (৯৯.৫১%)। মূল কার্যক্রমসমূহের মধ্যে সুইমিং পুল নির্মাণ, জিমন্যসিয়াম নির্মাণ, শেখ কামাল স্টেডিয়ামের অধিকতর উন্নয়ন (প্যাভিলিয়ন ভবন নির্মাণ, মিডিয়া সেন্টার নির্মাণ, সাধারণ গ্যালারির নির্মাণ, এলইডি জায়ান্ট স্ক্রীন স্থাপন, ফ্লাড লাইট স্থাপন, কার পার্কিং এবং গেইট নির্মাণ), পুরাতন জেলা স্টেডিয়ামের সংস্কার ও মেরামত এবং গোপালগঞ্জ মহিলা ক্রীড়া কমপ্লেক্স (অফিস কাম হোস্টেল, সুইমিং পুল এবং জিমন্যসিয়াম নির্মাণ), একটি মাইক্রোবাস ক্রয় ইত্যাদি সম্পাদন করা হয়েছে।

৭। প্রকল্পের বিভিন্ন অংগের বাস্তবায়ন (পিসিআর এ প্রদত্ত তথ্যের ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

SL No	Name of Components	Unit	Target as per DPP			Actual Progress	
			Quantity	Rate (TK)	Amount	Quantity	Amount (%)
1	2	3	4	5	6	7	9
A.	Construction of Swimming pool						
1	Land development work (3'-6'')	Cum	3556.00	119.00	4.23	3556.00	4.23
2	Swimming pool (50mX22m) including deck and pool tiles (8-Lane) 200 x 99	Sqm	1850.00	13744.00	254.26	1850.00	254.26
3	Pavilion building (2 Storied)					1850.00	
	(a) Pavilion building with pile foundation 197x59	Sqm	973.00	13624.00	132.56	973.00	132.56
	(b) Foundation with basement floor for filtration plant 36'x18'	Sqm					
	(c) Superstructure 196x34'	Sqm	619.00	12490.00	77.31	619.00	77.31
	(d) Internal sanitary work (Ground Floor to 1st Floor)	Sqm	619.00	1925.00	11.92	619.00	11.92
	(e) Internal Electrification work	Sqm	619.00	2810.00	17.39	619.00	17.39
	Sub Total=				239.18		239.18 (100%)
4	Construction of Gallery						
	(i) Foundation	Sqm	-	-	-		-
	(ii) Superstructure	Sqm	1030.00	10302.00	106.11	1030.00	106.11
	Sub Total=				106.11		106.11 (100%)

5	Swimming pool Accessories (Anit turbulent, 2-Nos Vacuum Cleaner, Racing lane 8 Nos wall brush, Leaf Skinner S.S Ladder, Handgrips, Starting pad etc)	L.S			30.00		30.00
6	Connecting Road (RCC) & Boundary wall	Sqm	668.00	2812.00	18.78	668.00	18.78
7	Drainage system	L.S			10.00		10.00
8	Water supply system	L.S			85.28		85.28
9	Filtration plant	Nos	1.00	14800000.00	148.00	1.00	132.00
	Total for A=				895.85		879.84 (98%)
B	Construction of Gymnasium (182'x142')						
1	Land development work (AV. 3'-6")	Cum	3168.00	119.00	3.77	3168.00	3.77
2	Construction of Gymnasium						
	(i) Foundation with pile foundation (197ftx125ft).	Sqm	2279.00	8233.00	187.63	2279.00	187.63
	(ii) Superstructure including Prefabricated steel Roof	Sqm					
	(ii) Superstructure including plinth (a) (civil work) (197ftx159ft).		2910.00	17132.00	498.54	2910.00	498.54
	(iii) Sanitary work	Sqm	2167.00	696.00	15.08		15.08
	(iv) Electrical work	Sqm	2167.00	1477.00	32.01	2167.00	32.01
	Sub-Total=				733.26		733.26 (100%)
3	Surface drain	Rm	82.00	818.00	0.67	82.00	0.67
4	Boundary wall	Rm	280.00	8929.00	25.00	280.00	25.00
5	Barded Wire fencing	Sqm	117.00	585.00	0.68	117.00	0.68
6	1.5 H.P Hand driven tube -well including water supply	Nos	1.00	22593.00	0.23	1.00	0.23
7	Internal Road (RCC)	Sqm	400.00	3650.00	14.60	400.00	14.60
8	Flood light (For indoor games)	Nos	100.00	17967.00	17.97	90.00	17.97
9	Gymnasium equipment	L.S	-	-	10.00		9.83
10	Gallery chair	Nos	950.00	2300.00	21.85	950.00	21.85
11	Furniture	L.S			10.00	Ls	8.93
	Total for B=				838.03		837.91 (100%)
C	Further development of Sheikh Kamal Stadium						
1	4 Storied Cricket pavilion building						
	(i) Foundation with pile foundation (185ft x 38ft)	Sqm	644.00	14836.00	95.54	644.00	95.54
	(ii) Ground floor (185-4" x 54')	Sqm	927.00	12950.00	120.05	927.00	120.05
	(iii) 1st floor (185-6" x 41)	Sqm	698.00	12490.00	87.18	698.00	87.18
	(iv) 2nd floor (185x41)	Sqm	698.00	12678.00	88.49	698.00	88.49
	(v) 3rd floor 90x41	Sqm	341.00	12867.00	43.88	341.00	43.88
	(vi) Chilakotha (10' x 22')	Sqm	40.00	12867.00	5.15	40.00	5.15
	(vii) Internal Sanitary work (Ground Floor to 3rd floor)	Sqm	2704.00	550.00	14.87	2704.00	14.87
	(viii) Internal Electrification work	Sqm	2704.00	1000.00	27.04		27.04
	(ix) Pavilion building A/C	Ton	70.00	60000.00	42.00		42.00

	(x) Pavilion Furniture	L.S			20.00		14.71
	(xi) Pavilion & media over shed for camera platform	Sqm	1800.00	9000.00	162.00	1800.00	162.00
	(xii) Lift	Nos	1.00	3500000.00	35.00	1.00	35.00
	Sub Total=				741.20		735.91 (99%)
2	Road roller (8Ton)	Each	1.00	1400000.00	14.00	1.00	14.00
3	Lawn mower	Each	1.00	1950000.00	19.50	1.00	19.50
4	Construction of main gate	Each	3.00	2000000.00	60.00	3.00	47.47
5	Play field development						
	(i) Alluvial soil with spreading/sand filling	Cum	22164.00	428.00	94.86	22164.00	94.86
	(ii) Sand filing in field and outer field	-	-	-	-	-	-
	(iii) Supplying of grass	Sqm	21860.00	68.00	14.86	21860.00	14.86
	(iv) Civil works for sprinkler & field drainage	Sqm	21860.00	1240.00	271.06	6.00	270.06
	(v) Sprinkler	Nos	6.00	800000.00	48.00		48.00
	Sub Total=				428.79		427.78 (100%)
6	Internal Road (RCC) (L=2050, W=16')	Sqm	1607.02	3551.00	57.07		57.07
7	Boundary wall (part)	Rm	790.00	4880.00	38.55		38.55
8	Barbed wire fencing over boundary	Sqm	1036.00	580.00	6.01		6.01
9	Area Lighting	Nos	10.00	23000.00	2.30		2.20
10	Existing pavilion building repair-renovation, grill panting work including grill fencing	L.S			21.01		21.01
11	Construction of General Gallery (510'x52')						
	(i) Foundation up to plinth with pile foundation	Sqm	2417.00	11788.00	284.92	2417.00	284.92
	(ii) Superstructure	Sqm	2130.00	7838.00	166.95	2130.00	166.95
	Sub Total=				451.87		451.87 (100%)
12	Repair renovation of existing gallery (patent stone, plaster repair and painting)	L.S			18.95	Ls	18.95
13	Chair						
	(a) Gallery Chair (without arm)	Nos	9690.00	1700.00	164.73	10246.00	174.18
	(b) V.I.P Gallery Chair (with arm rest)	Nos	1200.00	5000.00	60.00	847.00	35.65
	Sub Total=				224.73		209.83 (93%)
14	Per Fabricated steel gallery Shed & indoor Net practice shed	Sqm	5685.00	11325.00	643.83	5685.00	643.83
15	4 Storied media Center						
	(i) Foundation with pile foundation (156'x 61')	Sqm	885.00	14836.00	131.30	885.00	131.30
	(ii) Ground floor (156'x 61')	Sqm	885.00	12950.00	114.61	885.00	114.61
	(iii) 1st floor 156x46'	Sqm	665.00	12490.00	83.06	665.00	83.06
	(iv) 2nd floor 142x31'	Sqm	408.00	12678.00	51.73	408.00	51.73
	(v) 3rd floor 142x31'	Sqm	408.00	12867.00	52.50	408.00	52.50
	(vi) Chillakhota 10'x22'	Sqm	21.00	12867.00	2.70	1.00	2.70
	(vii) Internal Sanitary work (Ground Floor to 3rd floor)	Sqm	2487.00	550.00	13.68	2487.00	13.68

	(viii) Internal Electrification work	Sqm	2487.00	1000.00	24.87	2487.00	24.87
	(ix) A/C	Ton	68.00	60000.00	40.80	68.00	40.80
	(x) Furniture	L.S			40.00		31.14
	(xi) Internal decoration works with camera platform	L.S			63.68	Ls	61.08
	(xii) Lift	Nos	1.00	3500000.00	35.00	1.00	35.00
	Sub Total=				653.92		642.47 (95%)
16	Flood light installation						
	(i) 2000 KAV sub station	Nos	1.00	3500000.00	135.00	1.00	135.00
	(ii) Lattice Tower	Nos	4.00	4500000.00	180.00	4.00	180.00
	(iii) Lattice Tower foundation with pile works	Nos	4.00	2500000.00	100.00	4.00	100.00
	(iv) Flood light with reflectors	Nos	400.00	110880.00	443.52	400.00	443.52
	(v) LT & ST Cable	Rm	3120.48	14500.00	452.48	31204.40	448.31
	(vi) Sub station building	Nos	1.00	2000000.00	20.00	1.00	20.00
	Sub Total=				1331.00		1326.83 (100%)
17	LED Giant Screen with electric Score board						
	(i) Supply & installation of Sight screen	Nos	2.00	2500000.00	50.00	2.00	41.07
	(ii) Score board with video screen (50'x20') in/c Civil works of sight screen	Nos	1.00	9320000.00	493.20	1.00	499.18
	(iii) Indoor CC TV	Nos	24.00	220000.00	52.80	24.00	45.88
	(iv) Public address system CC TV (out door)	Nos	12.00	25000.00	3.00	12.00	3.00
	Sub Total=				599.00		589.13
	Total for C=				5305.71		5252.41 (99%)
D.	Repair & Renovation of old District Stadium						
1	(i) Dismantling of existing boundary wall & new construction	Rm	393.17	5695.00	22.39	393.17	22.39
	(ii) Construction of RCC Surface drain	Rm	410.00	6644.00	27.24	410.00	27.24
	(iii) Grill fencing (12mm, plan rod)	Rm	410.00	6235.00	25.56	410.00	25.56
	(iv) Construction of main gate	Nos	1.00	200000.00	2.00	1.00	2.00
	(v) Repair, Renovation & painting work existing gallery	L.S			1.71	Ls	1.71
	Sub Total=				78.90		78.90 (100%)
2	Repair, Renovation & reconstruction of District Stadium pavilion building						
	(i) Dismantling of existing pavilion roof slab, Chillakhota, roof beam, in/c new slab floor tiles room tiles Thai window farm teak wood door farm, setting etc. boundary wall & new construction	Sqm	191.00	10150.00	19.39	191.00	19.39
	(ii) Internal electric work for new roof fixer shed area	L.S			5.00	Ls	5.00
	(iii) Internal sanitary & water supply works	L.S			3.75	Ls	3.75
	(iv) Fixer shed roofing works in/c roof	Sqm	50.00	3500.00	1.75	50.00	1.75

	Sub Total=				29.89		29.89 (100%)
3	Repair renovation & reconstruction of dressing room with toiler Facilities	Each	2.00	1000000.00	20.00	2.00	20.00
4	Hostel Cum office Building up to floor with 6 storied foundation						
	(i) Foundation	Sqm	543.00	15216.00	82.62	543.00	82.62
	(ii) Cost of ground floor	Sqm	543.00	12950.00	70.32	543.00	70.32
	(iii) Cost of 1st floor	Sqm	543.00	12490.00	67.82	543.00	67.82
	(iv) Internal Sanitary work	Sqm	1086.00	400.00	4.34	1086.00	4.34
	(v) Internal Electrification work	Sqm	1086.00	1000.00	10.86	1086.00	10.86
	(vi) Chilakhota	Sqm	24.00	12490.00	3.00	24.00	3.00
	Sub Total=				238.96		238.96 (100%)
5	Construction of general Gallery						
	(a) Foundation	Sqm	706.00	5336.00	37.67	706.00	37.67
	(b) Superstructure	Sqm	706.00	10302.00	72.73	706.00	69.24
	Sub Total=				110.40		106.91
	Total for D=				478.16		474.67 (99%)
E	Construction of Gopalgonj women's Sports Complex at Gopalgonj.						
1	Land Acquisition cost (900 decimal) (Rate collect from DC office, Gopalgonj)	Deci	900.00	75223.00	677.01	900.00	677.01
2	Land development work						
	(i) Earth filling (8'-0" approximate)	Cum	86865.00	136.00	118.14	87323.50	118.14
	(ii) Alluvial soil with spreading	Cum	11101.00	428.00	47.51	10745.00	45.99
	(iv) Turfing	Sqm	36431.00	24.00	8.74	34166.00	8.20
	Sub Total=				174.39		172.95 (99%)
3	Hostel Cum office Building up to 1st floor with 6 storied foundation						
	(i) Foundation with pile foundation	Sqm	520.00	17516.00	91.08	520.00	90.40
	(ii) Ground floor	Sqm	520.00	12950.00	67.34	520.00	67.34
	(iii) 1st floor	Sqm	520.00	12490.00	64.95	520.00	64.95
	(iv) Roof top RCC parapet wall	Sqm	90.00	1800.00	1.62	90.00	1.62
	(v) Chilakhota	Sqm	40.00	12490.00	5.00	40.00	5.00
	(vi) Sanitary work	Sqm	1293.00	550.00	7.11	1293.00	7.10
	(vii) Electrical work	Sqm	1293.00	1300.00	16.81	1293.00	15.74
	(viii) Furniture	L.S			10.00	Ls	8.62
	Sub Total=				263.91		260.77 (99%)
4	Surface drain	Rm	116.00	818.00	0.95	116.00	0.95
5	1.5 H.P Hand driven tube -well including water supply	Nos	1.00	200000.00	2.00	1.00	2.00
6	Internal Road (RCC)	Sqm	600.00	1775.00	10.65	629.00	10.65
7	Construction of Swimming pool						
7.1	Land development work (AV. 3'-6")	Cum	2500.00	120.00	3.00	2500.00	3.00
7.2	Swimming pool (50mX22m) including deck and pool tiles (8-Lane)	Sqm	1730.00	13744.00	237.77	1730.00	237.25
7.3	Pavilion building (Two storied)						

	(a) Pavilion building with pile foundation	Sqm	280.00	13624.00	38.15	280.00	38.15
	(b) Foundation with basement floor for filtration plant	Sqm	120.00	17837.00	21.40	120.00	21.40
	(c) Superstructure	Sqm	580.00	12490.00	72.44	580.00	72.44
	(d) Internal sanitary work (Ground Floor to 1st Floor)	Sqm	580.00	550.00	3.19	580.00	3.19
	(e) Internal Electrification work	Sqm	580.00	1000.00	5.80	580.00	5.80
	Sub Total=				140.98		140.98 (100%)
7.4	Construction of Gallery						
	(i) Foundation	Sqm	708.00	5335.00	37.77	708.00	37.77
	(ii) Superstructure	Sqm	708.00	10302.00	72.94	708.00	72.94
	Sub Total=				110.71		110.71 (100%)
7.5	Swimming pool Accessories (Anti turbulent, 2-Nos Vacuum Cleaner, Racing lane 8 Nos wall brush, Leaf Skinner S.S Ladder, Handgrips, Starting pad etc) Foreign	L.S			32.00	Ls	31.37
7.7	Construction of GI pipe with wire net fencing work including foundation around the swimming pool	Rm	120.00	8890.00	10.67	120.00	10.67
7.8	Connecting Road (RCC)	Sqm	558.00	1775.00	9.90	558.00	9.90
7.9	Drainage system	L.S			20.00	Ls	20.00
7.1	Filtration plant	Nos	1.00	6660400.00	166.60	1.00	166.59
	Sub Total (7) =				731.64		730.99 (100%)
8	Construction of Gymnasium (182'x142')						
8.1	Land development work (AV. 3'-6")	Cum	3260.00	119.00	3.88	3260.00	3.88
8.2	Construction of Gymnasium						
	(i) Foundation with pile foundation	Sqm	2556.13	8233.00	210.45	2556.10	210.45
	(ii) Superstructure including plinth (a) civil work	Sqm	2556.13	14550.00	371.92	2556.10	371.92
	(iii) Sanitary work	Sqm	2556.13	500.00	12.78	2556.10	12.78
	(iv) Electrical work	Sqm	2556.13	1000.00	25.56	2556.10	25.56
	(v) Surface drain	Rm	188.00	818.00	1.54	188.00	1.54
	Sub Total=				622.24		622.24 (100%)
8.3	Boundary wall	Rm	162.70	4880.00	7.94	162.00	7.94
8.4	Barded Wire fencing	Sqm	117.00	585.00	0.68	117.00	0.68
8.5	1.5 H.P Hand driven tube -well including water supply	Nos	1.00	200000.00	2.00	1.00	2.00
8.6	Internal Road (RCC,)	Sqm	1703.00	1775.00	30.23	1703.00	30.23
8.7	Flood light (For indoor games)	Nos	85.00	12000.00	10.20	50.00	6.00
8.8	Gymnasium equipment	L.S	1.00	1200000.00	12.00	1.00	10.26
8.9	Gallery chair	Nos	1500.00	2300.00	34.50	1500.00	28.97
8.1	Furniture	L.S			10.00	Ls	9.83
	Sub Total (8) =				733.67		726.15 (100%)
9	Boundary wall Construction						
	(i) Boundary wall barbed wire fencing for	Rm	1540.00	5465.00	84.16	1554.00	84.16

	women sports complex						
10	Sub Station (500KVA)	Nos	1.00	7300136.00	73.00	1.00	73.00
	Total for E =				2750.78		2742.07 (100%)
11	Submersible Pump	Nos		17.41		2.00	34.82
	Grand Total (A + B+ C +D +E)=				10268.63		10215.23 (99,47%)
F.	Purchase of inspection vehicle (Microbus)	Nos	1.00	2700000.00	27.00		27.00
G.	Consultancy fee (services of all personnel for preliminary survey, designing drawing & supervision)	Month	24.00	500000.00	120.00		118.70
H.	Preparation of DPP Stationary, Computer, equipment, photocopy machine etc.	L.S	-		5.00		5.00
I.	Tender preparation, advertisement bill & others items	L.S	-		2.00		2.00
J.	Honorarium of steering committee, PIC, DPEC & TEC and others entertainment	L.S	-		5.00		5.00
H.	Unexpected & misc. expenditure	L.S	-		17.00		17.00
	Sub Total (F to H)=				176.00		174.07
	Grand Total (A to H)=				10444.63		10394.13 (99.51%)

৮। কাজ অসমাপ্ত থাকলে উহার বিবরণ :

প্রকল্পের আওতায় সমুদয় কাজ সমাপ্ত হয়েছে মর্মে পিসিআর হতে জানা যায়।

৯। পরিদর্শিত এলাকা :

এ বিভাগের সংশ্লিষ্ট উপ-পরিচালক কর্তৃক গত ২৫-১১-২০১৪ তারিখে প্রকল্প অফিস এবং ২৬.১০.২০১৪ তারিখে প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম পর্যালোচনার জন্য প্রকল্প এলাকা পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্পের প্রকৌশলীসহ সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। নিম্নে প্রকল্পের আওতায় সম্পাদিত প্রধান প্রধান কার্যক্রমের সংক্ষিপ্ত বর্ণনা দেয়া হলোঃ

৯.১ সুইমিং পুলঃ

শেখ কামাল স্টেডিয়াম সংলগ্ন উত্তর দিকে জিমন্যাসিয়াম ও সুইমিং পুল কমপ্লেক্স নির্মাণ করা হয়েছে। পুল টাইলস ও ডেকসহ ৮ লেনের ৫০ মিটার বাই ২২ মিটার আয়তনের সুইমিং পুলটি নির্মাণ সম্পন্ন হয়েছে। সুইমিং পুলের দক্ষিণ ও উত্তর পাশে দর্শকদের জন্য গ্যালারি নির্মাণ করা হয়েছে। সুইমিং পুল সংলগ্ন জিমন্যাসিয়ামের সে ড সুইমিং পুলের উত্তর পাশের গ্যালারি পর্যন্ত সম্প্রসারিত করা হয়েছে। এখানে শহরের পানির সাপ্লাই রয়েছে। এই পানি ব্যবহার করে ওয়াটার ট্রিটমেন্টপূর্বক তা পুলে সরবরাহ করা হচ্ছে। উভয় গ্যালা রির নিচে টুর্নামেন্ট রুম , খেলোয়াড়দের জন্য বারথরুমসহ দুটি লাউঞ্জ , কর্মকর্তা বা ফেডারেশনের ব্যবহারের জন্য দুটি রুম , ফাস্ট এইড রুম , ডিস্ট্রিক্ট স্পোর্স অফিস ইত্যাদি নির্মাণ সম্পন্ন হয়েছে। পুলের ডেকের টাইলস ও অন্যান্য উপকরণ ভাল মানের হয়েছে বলে প্রতিয়মান হয়েছে।



চিত্রঃ ১। শেখ কামাল স্টেডিয়াম সংলগ্ন নির্মিত সুইমিং পুল

৯.২ জিমন্যাসিয়াম

জিমন্যাসিয়ামের ফ্লোর এরিয়া ১৯৬ ফুট বাই ১৪২ ফুট। দু'পাশে ১১০ ফুট বিশিষ্ট ৮ স্টেপের দুটি গ্যালারি নির্মাণ সম্পন্ন হয়েছে। জিমন্যাসিয়ামের প্লে-গ্রাউন্ডের দুপাশে খেলোয়াড়দের ড্রেসিং রুম, গ্লেয়ার্স ভিউইং এরিয়া, দুইটি টয়লেট জোন, মেস অফিসিয়ালস ও ভিআইপিদের বসার ব্যবস্থা তৈরী করা হয়েছে। এখানে শরীরচর্চার করার জন্য মাল্টিজিম , সাইক্লিং মেশিনসহ অন্যান্য আসবাবপত্র সরবরাহ করা হয়েছে। জিমন্যাসিয়াম ও সুইমিং কমপ্লেক্সের বাইরে গাড়ী পার্কিং ব্যবস্থা রাখা হয়েছে।

৯.৩ শেখ কামাল স্টেডিয়াম নির্মাণঃ

শেখ কামাল স্টেডিয়ামে পূর্ব থেকেই একটি ছোট প্যাভিলিয়ন ভবন ও গ্যালারির কিছু অংশ বিদ্যমান ছিল। এই স্টেডিয়ামটিকে আন্তর্জাতিক মানের ক্রিকেট স্টেডিয়াম হিসাবে গড়ে তোলার জন্য এ র ব্যাপক উন্নয়ন কাজ হাতে নেওয়া হয়। তারই প্রেক্ষাপটে নতুন করে মাঠ উন্নয়ন , ক্রিকেট প্যাভিলিয়ন বিল্ডিং , মিডিয়া সেন্টার, ফেব্রিকেটেড স্টিল গ্যালারি সেড, ফ্লাড লাইট স্থাপন , ইলেক্ট্রনিক স্কোর বোর্ডসহ এলইডি জায়ান্ট স্ক্রীন স্থাপন , গ্যালারির চেয়ার সরবরাহ , তিনটি মেইন গেট নির্মাণ, বাউন্ডারি ওয়াল, অভ্যন্তরীণ রাস্তা ইত্যাদি কাজ সম্পাদন করা হয়েছে। পুরাতন প্যাভিলিয়নটিকে সংস্কার ও মেরামত করা হয়েছে। স্থানীয় পর্যায়ের খেলার সময় খেলোয়াড়দের হোস্টেল হিসাবে তা ব্যবহার করা যেতে পারে। উল্লেখ্য , নির্মাণের পর মাননীয় প্রধানমন্ত্রী বি গত ১২ নভেম্বর, ২০১৩ তারিখে এটি উদ্বোধন করেছেন।



চিত্রঃ ২। নব নির্মিত শেখ কামাল স্টেডিয়াম।

৯.৩.১ গ্র্যান্ডস্ট্যান্ডঃ

এটি ৪ তলা ফাউন্ডেশন বিশিষ্ট ৪তলা ভবন। এ ভবনের ফ্লোর এরিয়া ১৯০ফুট বাই ৫৪ফুট। নিচতলায় প্রশাসনিক ৩টি কক্ষ, ১টি আকসু (Anti-Corruption and Security Unit-ACSU) কক্ষ, ১টি ম্যাচ রেফারেন্স কক্ষ, মেডিক্যাল কক্ষ, ডপ টেস্ট কক্ষ, জিম লাউঞ্জ, ৩টি টয়লেট জোন নির্মাণ করা হয়েছে। ২য় তলায় খেলোয়াড়দের জন্য ২টি ডেসিং রুম, খেলোয়াড়দের জন্য দুইটি আইস বাথ, দুইটি প্লেয়ার্স ভিউইং এরিয়া, আম্পায়ার রুম এবং দুটি টয়লেট জোন নির্মাণ করা হয়েছে। তৃতীয় তলায় ১৭ ফুট বাই ৭২ ফুট লাউঞ্জ ও ফুড কোর্ট এবং ২টি টয়লেট জোন নির্মাণ করা হয়েছে। সর্বপরি চতুর্থ তলায় ৬৪ ফুট বাই ১২ফুট আয়তনের ১টি এটাচড বাথরুমসহ প্রেসিডেন্ট বক্স, প্রতিটি ১৪ ফুট বাই ১৩ ফুট আয়তনের ৬টি ভিআইপি বক্স, ২টি কিচেন, ২টি টয়লেট জোন এবং একটি ৮৯ ফুট বাই ১৪ ফুট আয়তনের ফুট কোর্ট নির্মাণ করা হয়েছে। প্রেসিডেন্ট বক্সে সাধারণ ফোল্ডিং চেয়ার এবং ফ্লোর আরসিসি ঢালাই করে তার উপর টাইলস লাগানো হয়েছে। ভিআইপি কোর্টগুলিতে ফোল্ডিং চেয়ার সরবরাহ করা হয়েছে। এখানেও ফ্লোর আরসিসি ঢালাই করে তার উপর টাইলস লাগানো হয়েছে। এ ভবনের প্রায় সব কক্ষেই এসি স্থাপন করা হয়েছে। এখানে একটি লিফটও স্থাপন করা হয়েছে। উপস্থিত প্রকৌশলী জানান , ডিজাইন অনুসরণ করেই প্রেসিডেন্ট ও ভিআইপি বক্স নির্মাণ করা হয়েছে।

৯.৩.২ গ্রাউন্ড ইকুপমেন্টঃ

মাঠকে খেলার উপযোগি করার জন্য ১টি Lawn Mower এবং ৮ টন ক্ষমতাসম্পন্ন ১টি Road Roller ক্রয় ও সরবরাহ করা হয়েছে। পরিদর্শনের সময় ইকুপমেন্টগুলি ভাল অবস্থায় দেখা গেছে।

৯.৩.৩ মিডিয়া সেন্টারঃ

৪ তলার ফাউন্ডেশন বিশিষ্ট ৪তলা ভবন এটি। এ ভবনের ফ্লোর এরিয়া ১৫৪ফুট বাই ৪৮ফুট। নিচতলায় মিডিয়া ইন্টারভিউ রুম, লকার রুম, ১টি টিভি মিডিয়া লাউঞ্জ, টিভি প্রডাকশন রুম এবং ২টি টয়লেট জোন, দ্বিতীয় তলায় বিজিনেস সেন্টার, দুইটি লাউঞ্জ এবং টয়লেট জোন নির্মাণ করা হয়েছে। অন্যদিকে তৃতীয় তলায় ১০৭ ফুট বাই ৩১ ফুট আয়তনের প্রেস এন্ড ভেন্যু কন্ট্রোল এবং টয়লেট জোন এবং চতুর্থ তলায় টিভি কমেন্ট্রি , রেডিও রুম, স্টুডিও রুম, পিএ সিস্টেম এবং টয়লেট জোন নির্মিত হয়েছে। এ সব রুমের সামনে অর্থাৎ মাঠের দিকে টেম্পার্ড গ্লাস ব্যবহার করা হয়েছে। এ ভবনের প্রায় সব কক্ষেই এসির সংস্থান করা হয়েছে। ভবনের টপে আরসিসি ছাদ করে সেখানে ক্যামেরা স্ট্যান্ড , ফুড কোর্ট এবং টয়লেট নির্মাণ করা হয়েছে। এখানে একটি লিফটও স্থাপন করা হয়েছে। তিনতলায় প্রেস এন্ড ভেন্যু কন্ট্রোল (চিত্র-৩) কক্ষের টেম্পার্ড গ্লাসের জয়েন্ট ভেঙ্গে পড়ে থাকতে দেখা যায়। উপস্থিত প্রকৌশলী জানান , জয়েন্টস্থলে এ গ্লাসের কিছু অংশ অতিরিক্ত তাপমাত্রার কারণে ভেঙ্গে গেছে। তিনি আরও জানান , বিষয়টি নির্মাণের ত্রুটি জনিত নয়।



চিত্রঃ ৩। মিডিয়া সেন্টারের প্রেস এন্ড ভেন্যু কন্ট্রোল কক্ষের সামনের টেম্পার্ড গ্লাসের জয়েন্টের ভাংগা অংশ।

৯.৩.৪ গ্যালারি:

এই স্টেডিয়ামের সাধারণ ও ভিআইপি গ্যালারি মিলে দর্শক ধারণক্ষমতা প্রায় ১১ হাজার। মাঠের পূর্ব দিকে পুরো অংশ ১৪ স্টেপ বিশিষ্ট ৫১০ ফুট বাই ৫২ ফুট আয়তনের নতুন গ্যালারি তৈরী করা হয়েছে। পশ্চিম দিকের বিদ্যমান ১১ স্টেপের গ্যালারির সংস্কার ও মেরামত হিসাবে এর পেটেন্ট স্টোন, প্লাস্টার এবং রং করা হয়েছে। ১৪ স্টেপ গ্যালারির নীচে পুরুষ ও মহিলাদের জন্য ৪টি জোনে টয়লেট নির্মাণ করা হয়ে ছে। তবে, পশ্চিম দিকের ১১ স্টেপের গ্যালারির নীচে প্রকল্পের আওতায় নতুন কোন টয়লেট জোন স্থাপন করা হয়নি। উপস্থিত কর্মকর্তারা জানান , এ অংশের গ্যালারির নীচে অনেকগুলি দোকান থাকায় গোপালগঞ্জ পৌর সভার উদ্যোগে ২টি টয়লেট জোন নির্মাণ করা হয়। গ্যালারিতে ফুড কোর্ট নির্মাণ করা হলেও কোন আসবাবপত্র পরিলক্ষিত হয়নি। গ্র্যান্ডস্ট্যান্ড এর সামনে অর্থাৎ প্রেসিডেন্ট বক্সের নীচে বাড়তি গ্যালারির অংশ নির্মাণ করা হয়েছে।

৯.৩.৫ ডিসপ্লে সিস্টেমঃ

স্টেডিয়ামে ৫০'x ২০' সাইজের এলইডি স্ক্রিন স্থাপন করা হয়েছে। পুরাতন প্যাভিলিয়ন ভবনের উপরে স্টিল স্ট্রাকচার নির্মাণ করে তার উপর এটি স্থাপন করা হয়েছে। পরিদর্শনের দু 'একদিন আগে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মহোদয়ের আগমন উপলক্ষে এই স্ক্রিন ও পিএ সিস্টেম চালু করা হয়। এটি ভাল অবস্থায় রয়েছে মর্মে দেখা যায়।

৯.৩.৬ অন্যান্যঃ

এছাড়া স্টেডিয়ামের বাইরে কার পার্কিং , ৩টি গেইট নির্মাণ , ৬টি স্প্রিংলার , স্থাপন, আউটার রেডিয়াল ড্রেনেজ, ফ্লাড লাইট স্থাপনসহ এপ্রোচ রোড, বাউন্ডারি ওয়াল নির্মাণ ইত্যাদি কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করা হয়েছে। মোট বাউন্ডারি ৪৫০০ রাঃমিঃ এর মধ্যে ২৪০০ রাঃমিঃ নতুন করে নির্মাণ করা হয়েছে। গেটগুলিতে আরসিসি পিলারের উপরে বীম ও স্ল্যাব/ছাদ দেওয়া হয়েছে। পিলারগুলিতে এলকোবন্ড দেওয়া হয়েছে। এখানে এমএস পাইপও ব্যবহার করা হয়েছে। প্রকৌশলী জানান , আইসোলেটেড ফুটিং ফাউন্ডেশনসহ গ্রেডবীম দেওয়া আছে। গেটগুলির একটি ৩৬ফুট বাই ১২ ফুট এবং অন্য দুটি ৭২ ফুট বা ১২ ফুট আয়তনের। দৈব চয়নের মাধ্যমে পশ্চিম-উত্তর দিকের Lattice tower এ সুইচ দিয়ে পরীক্ষাকালে ৩টি বাব্ব নষ্ট হয়েছে মর্মে দেখা যায়। অন্যদিকে মাঠের নির্মাণ কাজ শেষ হওয়ার প্রায় ১ বছর অতিক্রান্ত হয়েছে। কোন সংস্কার করা হয়নি। ফলে মাঠের ভিতরে ঘাস অনেক বড় হয়েছে। ঘাস কোথাও কোথাও প্রায় ১/২ ফুট পর্যন্ত লম্বা হয়েছে (চিত্র-৪)।



চিত্রঃ ৪। নব নির্মিত শেখ কামাল স্টেডিয়ামের মাঠের লম্বা ঘাস।

৯.৪ পুরাতন জেলা স্টেডিয়ামঃ

পুরাতন স্টেডিয়ামের সংস্কার কাজ করা হয়েছে। প্যাভিলিয়ন কাম হোস্টেলের উত্তর দিকে ১৫৪ ফুট বাই ৪৮ ফুট আয়তনের অংশটুকু নতুন করে করা হয়েছে। ছয়তলা ফাউন্ডেশন করে এর উপর তিনতলার নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। এ অংশের নিচতলায় ডাইনিং, কিচেন, লাউঞ্জ, রিফারিরুম, ড্রেসিংরুম ও টয়লেট জোন, দোতলায় ১৪টি সিংগেল রুম, লাউঞ্জ ও স্টোর রুম এবং তিনতলায় কনফারেন্স রুম, অফিসরুম, ভিআইপি বক্স ও টয়লেট জোন নির্মাণ সম্পন্ন হয়েছে। প্যাভিলিয়ন ভবনের পুরাতন

অংশের সংস্কার কাজের পাশাপাশি একটি ভিআইপি সেড নতুন করে করা হয়েছে। এছাড়া অন্যান্য অন্যতম কাজসমূহ যেমন - আরসিসি কলাম করে ৭ফুট উচ্চতার ব্রিক ওয়াল এবং তার উপরে ২.৫ ফুট গ্রীল দেয়া হয়েছে। প্রায় ১৩৫০ রাঃমিঃ বাউন্ডারি ওয়াল নির্মাণ করা হয়েছে। মাঠের পূর্ব পার্শ্বে ১১০ফুট, পশ্চিম পার্শ্বে ১০০ ফুট এবং উত্তর দিকে প্যাভিলিয়ন ভবনের নব নির্মিত অংশের সামনে নতুন গ্যালারি নির্মাণ করা হয়ে ছে। স্টেডিয়ামের ভিতরে গ্লে -গার্ডেনের চতুর্দিকে গাইড ওয়ালসহ ৭ফুট হাইটের গ্রীল ফেন্সিং নির্মাণ করা হয়েছে। এছাড়া ইন্টারনাল সারফেস ড্রেন নির্মাণ করা হয়েছে এবং মাঠের উত্তর -পশ্চিম কোণায় টয়লেট ব্লক নির্মাণ করা হয়েছে।

৯.৫ মহিলা ক্রীড়া কমপ্লেক্সঃ

খুলনা- ঢাকা মহাসড়ক সংলগ্ন এবং গোপালগঞ্জ শহর থেকে প্রায় ২ কিলোমিটার দূরে বেতগ্রাম নামক স্থানে ৯ একর জমি অধিগ্রহণ করে গোপালগঞ্জ মহিলা ক্রীড়া কমপ্লেক্সটি নির্মাণ করা হয়েছে। অধিগৃহীত জমিটি খুলনা - ঢাকা মহাসড়কের উচ্চতা থেকে প্রায় ১০-১২ ফুট নীচু। এখানে একটি জিমন্যাসিয়াম , একটি হোস্টেল কাম একাডেমিক ভবন , সুইমিং পুল, মাঠ উন্নয়ন, অভ্যন্তরীণ রাস্তা ইত্যাদি নির্মাণ করা হয়েছে। নির্মাণের পর মাননীয় প্রধান মন্ত্রী বিগত ১২ নভেম্বর, ২০১৩ তারিখে ক্রীড়া কমপ্লেক্সটি উদ্বোধন করেছেন। তবে কমপ্লেক্সটি নিয়মিত ব্যবহার হচ্ছে না বলে জানা যায়। উদ্বোধনের দীর্ঘদিন অতিবাহিত হওয়ার পর গত ১১ সেপ্টেম্বর হতে ০২ অক্টোবর, ২০১৪ মেয়াদে হ্যান্ডবল প্রশিক্ষণ গ্যালারি অনুষ্ঠিত হয়েছে। পুরো প্রাংগন জুড়ে মাটি ভরাটের কাজ করা হয়। ভবনসমূহের বাইরের খোলা অংশে মাটি ভরাট অসমান দেখা যায়। অনেকগুলি স্থানে মাটি ভরাট করা হলেও কম্প্যা কশন হয়নি। কোথাও কোথাও বৃষ্টির পানিতে তা ক্ষসে গেছে (চিত্র-৭)। বাউন্ডারি ওয়ালের প্রকল্প এলাকার ভিতরের উচ্চতা ২ফুট বারবেড ওয়ালসহ সাকুল্যে মাত্র ৫ফুট। ভবিষ্যতে এ উচ্চতা আরো বাড়ানো প্রয়োজন হবে বলে উপস্থিত প্রকৌশলী জানান। কমপ্লেক্সের প্রধান ফটকে কোন সাইনবোর্ড টাঙানো হয়নি, তৈরি করা হয়নি গার্ডসেডও ।




চিত্রঃ ৫। নব নির্মিত গোপালগঞ্জ মহিলা ক্রীড়া কমপ্লেক্স

৯.৫.১ জিমন্যাসিয়ামঃ

১৮২ ফুট বাই ১৪২ ফুট আয়তনের একটি জিমন্যাসিয়াম নির্মাণ সম্পন্ন করা হয়েছে। সিলিংএ ব্যবহৃত প্রোপাইল শিটের নিচে ইনসুলেশন শিট দু একটা স্থানে খুলে গেছে মর্মে দেখা গেল। পরিদর্শনের সময় হ্যালোজেন লাইট চালু করা হলে তার কয়েকটি থেকে শব্দ বের হতে থাকে। উপস্থিত কর্মকর্তা জানান , বৈদ্যুতিক ভোল্টেজ কম থাকায় এমনটি শব্দের কারণ। উল্লেখ্য , প্রকল্পের আওতায় ৫০০ কেভিএ ক্ষমতার বৈদ্যুতিক সাব স্টেশন নির্মাণ করা হয়েছে। কিছু লাইট ব্রুটিপূর্ণ বলে প্রতিয়মান হয়েছে। প্লেয়ারদের জন্য ২টি লাউঞ্জ নির্মাণ করা হয়েছে। লাউঞ্জ এর প্রত্যেকটিতে একটি করে জেনারেল কোম্পানির স্পিন্স ট টাইপ এসি লাগানো হয়েছে। নিচতলায় গ্যালারির কমন বাথরুমের সামনের দেওয়ালে দৃশ্যমান ফাটল দেখা গেছে (চিত্র-৬)। জিমন্যাসিয়ামের ভিতর সম্প্রতি ভলিবল প্রশিক্ষণ গ্যালারি অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ কর্মসূ চি চলাকালিন জিমন্যাসিয়ামের ছাদ

থেকে বৃষ্টির পানি ফ্লোরে পড়ে খেলার সমস্যা হয়েছে বলে জানা যায়। এখানে মাল্টিজিম , সাইক্লিং মেশিনসহ আসবাবপত্র সরবরাহ করা হয়েছে।



চিত্রঃ ৬। মহিলা ক্রীড়া কমপ্লেক্সের জিমন্যাসিয়ামের নিচতলায় দেওয়ালে দৃশ্যমান ফাটল।

৯.৫.২ সুইমিংপুলঃ

প্রকল্প এলাকার পশ্চিম প্রান্তে পুল টাইলস ও ডেকসহ ৮ লেন বিশিষ্ট ৫০ মিটার বাই ২২ মিটার আয়তনের একটি সুইমিং পুল নির্মাণ সম্পন্ন হয়েছে। পুলের সামনে কার পার্কিং এরিয়া রয়েছে। কমপ্লেক্সটিতে সাপ্লাই এর পানির ব্যবস্থা না থাকায় ডীপ টিউবওয়েল স্থাপনের মাধ্যমে পুলের পানির সংস্থান করা হয়েছে। ওয়াটার ট্রিটমেন্ট ব্যবস্থাাদিও স্থাপন করা হয়েছে। ফিলট্রেশন প্ল্যান্ট এর মধ্যে ফিল্টার, পাম্প, মোটর সেট, ড্রেনেজ সিস্টেমসহ প্রয়োজনীয় উপকরণ অন্তর্ভুক্ত রয়েছে। ২টি পাম্প বসানো হয়েছে যার গভীরতা প্রায় ৩৮০ ফুট। প্রকল্প পরিচালক জা নান, ঠিকাদারি প্রতিষ্ঠানের গড়িমসির কারণে প্রকল্পের শেষ সময়ে এসে তাড়াহড়ো করে সুইমিং পুলের কাজ শুরু করা হয়। পরিদর্শনের সময় দেখা যায়, পুলের একপাশে আরসিসি ঢালাই করে গ্যালারি নির্মাণ করা হয়েছে। উপস্থিত প্রকৌশলী জানান ডিজাইন অনুসারে একপাশে গ্যালারি নির্মাণ করা হয়েছে। গ্যালারির নীচে দুপ্রান্তে দুটি বাথরুম, খেলোয়াড়দের জন্য বারথরুমসহ দুটি লাউঞ্জ এবং কর্মকর্তা বা ফেডারেশনের ব্যবহারের জন্য অন্য দুটি রুম নির্মাণ করা হয়েছে। পরিদর্শনের সময় জেলা মহিলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদিকা মিসেস নাসিমা খানম বলেন , পুলে সরবরাহের জন্য উত্তোলিত পানিতে বালু উঠে আসে। তিনি আরও জানান , সুইমিং পুলের রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় অর্থের অভাব রয়েছে।

৯.৫.৩ হোস্টেল কাম অফিস ভবনঃ

মূল গেইটের সন্নিকটে হাতের বাম দিকে ৫৫০০ বর্গ ফুট আয়তন বিশিষ্ট দ্বিতল হোস্টেল কাম অফিস ভবন নির্মাণ সম্পন্ন হয়েছে। এখানে নিচতলায় ১টি অফিস, ২টি ক্লাসরুম, ১টি ডাইনিং কাম কিচেন (৫টি টেবিল এবং ২০টি চেয়ার), ১টি জিম (গেম জোন ও লাইব্রেরীর অপশনসহ) এবং উপরের তলায় প্রশিক্ষার্থী বা খেলোয়াড়দের থাকার জন্য ৭টি রুম নির্মাণ করা হয়েছে। প্রতিটি রুমে ৪টি করে বেড ও টেবিল চেয়ার সরবরাহ করা হলেও কাপড় চোপড় রাখার জন্য কোন ওয়ার্ড্রোব বা আলমিরা সরবরাহ করা হয়নি। রুমের মাঝ বরাবর মাত্র ২টি সিলিং ফ্যান স্থাপন করা হয়েছে যা প্রয়োজনের তুলনায় অপ্রতুল বলে প্রতিয়মান হয়েছে। রুমের পিছনের বারান্দায় কোন গ্রীল ব্যবহার করা হয়নি। এভাবে বারান্দা উন্মুক্ত থাকায় হোস্টেলের মেয়েদের জন্য নিরাপত্তাহীনতার কারণ হয়ে দাঁড়িয়েছে(চিত্র-৮)। দোতলার এক প্রান্তে কমন বাথরুম নির্মাণ করা হয়েছে। ছাদে প্যারাফেট ওয়াল ও প্যাটেনস্টোন নির্মাণ করা হয়েছে। বৈদ্যুতিক সংযোগের প্রাপ্তির পূর্ব শর্ত অনুসারে ৫০০ ওয়াট ক্ষমতা সম্পন্ন সোলার সিস্টেম এ ভবনের ছাদে স্থাপন করা হয়েছে। পরিদর্শনের সময় সোলার প্যানেল কার্যকরী দেখা গেছে। হোস্টেল সুপারিন্টেন্ড হিসাবে একজন পুরুষ কর্মরত রয়েছেন। জেলা মহিলা ক্রীড়া সংস্থার প্রতিনিধি জানান , মহিলাদের হোস্টেলের জন্য এ পদে একজন মহিলাকে নিয়োগ দিলে ভাল হয়।



চিত্রঃ ৭। গোপালগঞ্জ মহিলা ক্রীড়া কমপ্লেক্স চত্বরের মাঠ।



চিত্রঃ ৮। মহিলা হোস্টেলের পিছনের খোলা বারান্দা।

১০। প্রকল্পের উদ্দেশ্য ও অর্জন :

উদ্দেশ্য	অর্জন
গোপালগঞ্জ সদরে খেলাধুলার মানোন্নয়ন এবং খেলাধুলার অবকাঠামোগত সুবিধাদি নির্মাণ প্রকল্পের অন্যতম উদ্দেশ্য।	গোপালগঞ্জ সদরে খেলাধুলার মানোন্নয়ন এবং খেলাধুলার অবকাঠামোগত সুবিধাদি নির্মাণে সুইমিং পুল , জিমন্যসিয়াম নির্মাণ, শেখ কামাল স্টেডিয়ামের অধিকতর উন্নয়ন (প্যাভিলিয়ন ভবন, মিডিয়া সেন্টার, সাধারণ গ্যালারি এবং গেইট নির্মাণ নির্মাণ, এলইডি জায়ান্ট স্ক্রীন ও ফ্লাড লাইট স্থাপন এবং কার পার্কিং), পুরাতন জেলা স্টেডিয়ামের সংস্কার ও মেরামত এবং গোপাল গঞ্জ মহিলা ক্রীড়া কমপ্লেক্স (অফিস কাম হোস্টেল, সুইমিং পুল, জিমন্যসিয়াম নির্মাণ) ইত্যাদি উল্লেখযোগ্য কার্য সম্পাদন করা হয়েছে।

১১। উদ্দেশ্যে পুরোপুরি অর্জিত না হলে উহার কারণ : প্রযোজ্য নয়।

১২। সমস্যা :

- ১২.১ শেখ কামাল স্টেডিয়ামের মিডিয়া সেন্টারের তিনতলায় প্রেস এন্ড ভেন্যু কন্ট্রোল কক্ষের সামনের টেম্পার্ড গ্লাসের জয়েন্ট ভেংগে যাওয়ায় পাশের গ্লাস দুর্বল হয়ে পড়েছে (চিত্র-৩);
- ১২.২ শেখ কামাল স্টেডিয়ামের মাঠের মধ্যে এক থেকে দুই ফুটের মত লম্বা ঘা স জন্মেছে, যা খেলার জন্য উপযোগি নয় (চিত্র-৪);
- ১২.৩ ফ্লাড লাইট (Lattice tower)'র তিনটি বাব্ব নষ্ট হয়েছে;
- ১২.৪ মহিলা ক্রীড়া কমপ্লেক্সের জিমন্যসিয়ামের নিচতলায় গ্যালারির কমন বাথরুমের সামনের দেয়ালে দৃশ্যমান ফাঁ টল সৃষ্টি হয়েছে (চিত্র-৬);
- ১২.৫ মহিলা ক্রীড়া কমপ্লেক্সের ভবনসমূহের বাইরের খোলা অংশে মাটি ভরাট অসমান দেখা যায়। অনেকগুলি স্থানে মাটি ভরাট করা হলেও কম্প্যাকশন হয়নি। কোথায় কোথায় বৃষ্টির পানিতে তা ধসে গেছে যা খেলা ধুলার জন্য উপযোগি নয় (চিত্র-৭);

- ১২.৬ মহিলা ক্রীড়া কমপ্লেক্সের মহিলা হোস্টেল কাম একাডেমিক ভবনের দোতলায় বুন্ডের পিছনের বারান্দায় গ্রীল সম্পূর্ণ লাগানো হয়নি। এভাবে ভবনের পিছনের বারান্দা উন্মুক্ত থাকলে হোস্টেলের মেয়েদের জন্য নিরাপত্তাহীনতার কারণ হয়ে হয়ে দাঁড়াবে (চিত্র-৮);
- ১২.৭ মহিলা ক্রীড়া কমপ্লেক্সের সুইমিং পুলে সরবরাহের জন্য উত্তোলিত পানিতে বালু উঠে আসে যা সুইমিং এর জন্য স্বাস্থ্যসম্মত নয়;
- ১২.৮ মহিলা ক্রীড়া কমপ্লেক্সের প্রধান ফটকে কোন সাইনবোর্ড টাঙানো হয়নি , তৈরী করা হয়নি গার্ডশেডও। সার্বিকভাবে মহিলা ক্রীড়া কমপ্লেক্সের নিরাপত্তার জন্য প্রধান ফটকে একটি গেইট সেড থাকা আবশ্যিক।

১৩। সুপারিশ :

- ১৩.১ শেখ কামাল স্টেডিয়ামের মিডিয়া সেন্টারের তিন তলায় প্রেস এন্ড ভেন্যু কন্ট্রোল কক্ষের সামনের টেম্পার্ড গ্লাসের জয়েন্ট অতি সত্বর মেরামত/পরিবর্তনসহ দীর্ঘ স্থায়ীত্বের জন্য এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ১৩.২ শেখ কামাল স্টেডিয়ামের মাঠের মধ্যে বেড়ে উঠা ঘাস কেটে তা খেলার উপযোগি করতে হবে।
- ১৩.৩ Lattice tower এ নষ্ট হওয়া বাজগুলি সত্বর পরিবর্তন করে নতুন বাজ লাগাতে হবে।
- ১৩.৪ মহিলা ক্রীড়া কমপ্লেক্সের জিমন্যাসিয়ামের নিচতলায় গ্যালারির কমন বাথরুমের সামনের দেওয়ালের ফাঁটল অতি সত্বর মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ১৩.৫ মহিলা ক্রীড়া কমপ্লেক্সের খেলার মাঠে মাটি ভরাট সমান ও খেলার উপযোগি করতে হবে।
- ১৩.৬ মহিলা ক্রীড়া কমপ্লেক্সের মহিলা হোস্টেল কাম একাডেমিক ভবনের দোতলায় বারান্দায় অতি সত্বর গ্রীল স্থাপন করতে হবে।
- ১৩.৭ মহিলা ক্রীড়া কমপ্লেক্সের সুইমিং পুলের পানি বালুমুক্ত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ১৩.৮ মহিলা ক্রীড়া কমপ্লেক্সের প্রধান ফটকে একটি সাইনবোর্ড টাঙানোসহ গার্ডসেড নির্মাণ করতে হবে।

গাজীপুর জেলার টংগীস্থ টিএসএস মাঠে স্টেডিয়াম নির্মাণ
সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত : জুন, ২০১৪)

- ১। প্রকল্পের নাম : গাজীপুর জেলার টংগীস্থ টিএসএস মাঠে স্টেডিয়াম নির্মাণ।
- ২। বাস্তবায়নকারী সংস্থা : জাতীয় ক্রীড়া পরিষদ।
- ৩। উদ্যোগী মন্ত্রণালয় /বিভাগ : যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
- ৪। প্রকল্পের অবস্থান : টংগী, গাজীপুর।
- ৫। প্রকল্প বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল			প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সংশোধিত		মূল	মেয়াদ বৃদ্ধি (১ম বার)	মেয়াদ বৃদ্ধি (২য় বার)			
৭৬৯.৪০		৭০২.৩৭	০১.০৭.২০১২ হতে ৩০.০৬.২০১৩	০১.০৭.২০১২ হতে ৩১.১২.২০১৩	০১.০৭.২০১২ হতে ৩০.০৬.২০১৪	০১.০৭.২০১২ হতে ৩০.০৬.২০১৪	-	০১ বছর (৫০%)

৬। সাধারণ পর্যবেক্ষণঃ

৬.১ প্রকল্পের উদ্দেশ্যঃ

গাজীপুর জেলার টংগীস্থ টেলিফোন শিল্প সংস্থা (টিএসএস) এর মাঠে আদর্শ স্টেডিয়াম নির্মাণ করা।

৬.২ প্রকল্প গ্রহণের পটভূমিঃ

একটি স্টেডিয়াম একমাত্র ভেন্যু যেখানে সারা বছর খেলোয়াড়রা অনুশীলন করতে পারে এবং বিভিন্ন প্রকার প্রতিযোগিতামূলক খেলাধুলা অনুষ্ঠিত হয়ে থাকে। অনুশীলন ও প্রতিযোগিতায় অংশ গ্রহণ করার মাধ্যমে একজন খেলোয়াড় গড়ে ওঠে। অন্যদিকে খেলাধুলাকে সাধারণ শিক্ষার একটি আবশ্যিক অংশ হিসাবে বিবেচনা করা হয়ে থাকে। খেলাধুলা জাতীয় সচেতনতা এবং আত্মবিশ্বাসে বলিয়ান করে তোলে। এ প্রেক্ষাপটে সরকার দেশের অভ্যন্তরে খেলাধুলার মান উন্নয়নের জন্য নানা প্রকার অবকাঠামো নির্মাণের উদ্যোগ নিয়েছেন। এরই ধারাবাহিকতায় গাজীপুর জেলার টংগীস্থ টেলিফোন শিল্প সংস্থার মাঠে খেলাধুলার মান উন্নয়ন ও খেলাধুলার জন্য অবকাঠামো নির্মাণকল্পে বিবেচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছিল। প্রকল্পটির নির্মাণকাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। বর্তমানে স্টেডিয়ামটির নামকরণ করা হয়েছে ‘শহীদ আহসান উল্লাহ মাস্টার স্টেডিয়াম’ হিসাবে।

৬.৩ প্রকল্পের অনুমোদন অবস্থাঃ

মূল প্রকল্পটি বিগত ০৬.০৯.২০১২ তারিখে ৭৬৯.৪০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ০১.০৭.২০১২ হতে ৩০.০৬.২০১৩ মেয়াদ বাস্তবায়নের জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রাক্কলিত ব্যয় অপরিবর্তিত রেখে ১মবার ০৬ মাস

মেয়াদ বৃদ্ধি করে ০১.০৭.২০১২ হতে ৩১.১২.২০১৩ এবং দ্বিতীয়বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ৬ মাস সময় বৃদ্ধি করে বাস্তবায়ন মেয়াদ ০১.০৭.২০১২ হতে ৩০.০৬.২০১৪ করা হয়।

৬.৪ প্রকল্পের মূল কার্যক্রম :

প্রকল্পের আওতায় ভূমি উন্নয়ন, ডেনেজ সিস্টেম ও খেলার মাঠ উন্নয়ন, প্যাভিলিয়ন বিল্ডিং নির্মাণ, খেলার মাঠের চারিদিকে গ্রীল ফেন্সিং স্থাপন, বাউন্ডারি ওয়াল নির্মাণ, ফার্ণিচার সরবরাহ, ওয়াক ওয়ে ও আভ্যন্তরীণ রাস্তা নির্মাণ ইত্যাদি উল্লেখযোগ্য কার্য সম্পাদন করা হয়েছে।

৬.৫ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

ক্র: নং	কর্মকর্তার নাম ও পদবী	মেয়াদকাল	
		শুরু	শেষ
১।	জনাব মোঃ হাবিবুর রহমান সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)	০১.০৭.২০১২	১৩.০৮.২০১৩
২।	জনাব রেজাউল মোস্তফা কামাল পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)	১৪.০৮.২০১৩	৩০.০৬.২০১৪

৬.৬ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি :

প্রকল্পের অনুমোদিত ব্যয় ৭৬৯.৪০ লক্ষ টাকার বিপরীতে মোট ৭০২.৩৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে (৯১%)। মূল কার্যক্রমসমূহের মধ্যে ভূমি উন্নয়ন, ডেনেজ সিস্টেম ও খেলার মাঠ উন্নয়ন, প্যাভিলিয়ন বিল্ডিং নির্মাণ, খেলার মাঠের চারিদিকে গ্রীল ফেন্সিং স্থাপন, বাউন্ডারি ওয়াল নির্মাণ, ফার্ণিচার সরবরাহ, ওয়াক ওয়ে ও আভ্যন্তরীণ রাস্তা নির্মাণ ইত্যাদি সম্পাদন করা হয়েছে।

৭। প্রকল্পের বিভিন্ন অংশের বাস্তবায়ণ (পিসিআর এ প্রদত্ত তথ্যের ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

SI. No	Name of Components	Unit	As per approved DPP			Progress	
			Quantity	Rate	Amount	Quantity	Amount
1	2	3	4	5	6	7	9
1.	Land development (1ft deep Av.)	cum	7500.00	216.00	16.20	7480.00	16.08
2.	Drainage system & play field development						
	a) Alluvial soil with spreading	Cum	4082.00	493.00	20.12	4080.00	20.11
	b) Supplying of grass	Sqm	11153.00	32.00	3.57	10590.00	3.18
	c) Civil works for sprinkler & Field drainage	Sqm	16500.00	1500.00	247.50	10590.00	209.15
	Sub Total=				271.19		232.44
3.	Pavilion building (90 ft X60 ft)						
	a) Foundation (4- Storied)	sqm	502.00	10825.00	54.34	501.00	53.50
	b) Ground Floor	Sqm	502.00	15111.00	75.86	501.00	75.00

	c) 1 st floor	Sqm	335.00	14656.00	49.10	332.00	49.00
	d) 2nd floor	Sqm	335.00	14876.00	49.83	332.00	49.05
	e) Internal water supply and sanitary work	Sqm	1172.00	1005.00	11.78	1170.00	11.65
	f) internal eletrification	Sqm	1172.00	1425.00	16.70	1170.00	16.67
	g) External Electrical connection	LS	LS	300000.00	3.00	L.S	2.75
	h) Furniture	Lot	1	2000000.00	20.00	1.00	19.85
	sub-total =				280.61		277.47
4.	Grill fencing around the pfay field						
	a. Grill fencing with M.S Angle and Rod.	sqm	1002.00	2700.00	27.05	899.71	27.00
	b. Foundration for matelic grill fencing and guard wall	Rm	520.00	8500.00	44.20	514.00	43.00
	sub total=				71.25		70.00
5.	Walk way (RCC)	sqm	390.00	2120.00	8.27	380.00	8.00
6.	Internal road RCC (1000 ft X 12 ft)	Sqm	1115.00	2120.00	23.64	1100.00	23.00
7.	Boundry wall with barbad wire	sqm	580.00	6545.00	37.96	575.00	36.06
8.	Public toilet	nos	4	400000.00	16.00	2.00	13.72
9.	V.I.P Chair (with arm)	nos	400.00	5800.00	23.20	400.00	23.20
	Total (1 to 9) =				748.32		
10.	Stationary, DPP, Computer equipment, assosarries, Photocopy machine etc.	L.S			2.00		1.23
11.	Tender preparation, advertisement bill etc.	L.S			2.00		0.35
12.	Honorarium of various committee and entertainment.	L.S			2.00		0.25
13.	Physical Contingency				15.08		0.57
	Grand total =				769.40		702.37*

* অব্যয়িত ৬৭.০৩ লক্ষ টাকা বিধি মোতাবেক সমর্পন করা হয়েছে।

৮। কাজ অসমাপ্ত থাকলে উহার বিবরণ :

প্রকল্পের আওতায় সমুদয় কাজ সমাপ্ত হয়েছে মর্মে পিসিআর হতে জানা যায়।

৯। পরিদর্শিত এলাকা :

এ বিভাগের সংশ্লিষ্ট উপ-পরিচালক কর্তৃক গত ২৭-০৩-২০১৫ তারিখে প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম পর্যালোচনার জন্য প্রকল্প এলাকা পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্পের প্রকৌশলীসহ সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। নিম্নে প্রকল্পের আওতায় সম্পাদিত প্রধান প্রধান কার্যক্রমের সংক্ষিপ্ত বর্ণনা দেয়া হলোঃ

৯.১ প্যাভিলিয়ন ভবন

৪ তলা ফাউন্ডেশন বিশিষ্ট তিনতলা প্যাভিলিয়ন ভবন নির্মাণ করা হয়েছে। এটির আয়তন ৯০ ফুট বাই ৬০ ফুট। ভবনের সামনে মাঠের দিকে ৮ ধাপ বিশিষ্ট ভিআইপি গ্যালারি নির্মাণ করা হয়েছে। এখানে হাতলযুক্ত ৪০০টি চেয়ার বসানো হয়েছে। চেয়ারগুলি ভাল অবস্থায় রয়েছে। প্যাভিলিয়ন ভবনের নিচতলায় ২টি প্লেয়ার্স ডেসিং রুম, ৪টি অফিস রুম ও বাথরুম রয়েছে। বাথরুমে বিআইএসএফের কালার কমোড বসানো হয়েছে। দ্বিতীয় তলায় বিভিন্ন আয়তনের ৬টি রুম নির্মাণ করা হয়েছে। দোতলায় ২টি টয়লেট ব্লকও রয়েছে। দ্বিতীয় তলার দুটি কক্ষের মাঝের পার্টিশান ওয়ালে হেয়ারক্র্যাক দেখা গেছে। উপস্থিত প্রকৌশলী জানা ন এটা লোড বেয়ারিং ওয়াল নয়। তাই এতে ভবনের ক্ষতি হওয়ার সুযোগ নাই। পরিদর্শনের সময় ঠিকাদারের জমানত ফেরত প্রদানের পূর্বেই দুত এ হেয়ারক্র্যাক মেরামতের জন্য বলা হয়েছে। তৃতীয় তলায় বাথরুমসহ দুটি কনফারেন্স রুম, ৫টি সাধারণ রুম এবং টয়লেট ব্লক রয়েছে। পরিদর্শনের সময় টয়লেট জোনের কয়েকটি কমোডের ফ্লাশ নষ্ট হয়েছে মর্মে দেখা যায়। তবে পুরো প্যাভিলিয়ন ভবন পরিষ্কার পরিচ্ছন্ন দেখা গেছে। উল্লেখ্য, আর্চারী ফেডারেশন তাদের প্র্যাক্টিস মাঠ হিসাবে এই নবনির্মিত স্টেডিয়ামের মাঠ ব্যবহার করার অনুমতি পেয়েছে। এরই অংশ হিসাবে প্যাভিলিয়ন ভবনে র তৃতীয় তলা আর্চারী ফেডারেশন ব্যবহার করছেন। জানা যায় দিনের প্রথম ভাগে তাঁরা তাদের প্র্যাক্টিস কার্যক্রম চালায় এবং দিনের অবশিষ্ট সময় স্থানীয় ক্রীড়ামোদিদের ব্যবহারের জন্য উন্মুক্ত থাকে। আর্চারী ফেডারেশন তাদের প্রয়োজনে প্যাভিলিয়ন ভবনের ভিতরে এবং ছাদের উপর বেশ কিছু স্থাপনা বসিয়েছে। যেমন সিসি কামেরা, ডাইনিং স্পেশে বেসিন, সিংক, ছাদের উপর সিড়ি ঘরের সাথে রান্নার চুলা ও আনুসংগিক উপকরণ এবং তৃতীয় তলায় নির্মিত টয়লেট জোনকেও রিনোভেট করা হয়েছে। উপস্থিত প্রকৌশলী জানান, তাদের টুর্নামেন্ট চলার সময় মূলতঃ পুরো প্যাভিলিয়ন ভবনটি ব্যবহার করেন। এই ভবনে ব্যবহারের জন্য সিংগেল সিটেড ও টু সিটেট সোফা ডাইনিং টেবিল, চেয়ার, সেক্রেটারিয়েট টেবিল, ভিজিটর চেয়ার, ফাইল কেবিনেট, প্লেয়ার্স চেয়ার, কাববোর্ড লকার, স্টিল আলমিরা ইত্যাদি সরবরাহ করা হয়েছে।



চিত্র- ১। নির্মিত প্যাভিলিয়ন বিল্ডিং



চিত্র-২। প্লেয়ার্স ডেসিং রুম



চিত্র -৩। পার্টিশান দেওয়ালের হেয়াকক্র্যাক।

৯.২ বাউন্ডারি ওয়াল

মাঠের পশ্চিম পাশে বিদ্যমান বাউন্ডারি ওয়াল থাকায় বাঁকি তিন পাশে ৮৮৫ ফুট বাউন্ডারি ওয়াল নির্মাণ করা হয়েছে। আরসিসি পিলার এবং ফাউন্ডেশনে গ্রেটবীম দেওয়া হয়েছে বলে উপস্থিত প্রকৌশলী জানান। বাউন্ডারি ওয়ালের উচ্চতা ৭ ফুট এবং এর উপর ২.৫ ফুট উচ্চতার বারবেড ওয়ার ও দেয়া হয়েছে। মাঠের উত্তর -পূর্ব কোণায় একটি গেইট নির্মাণ করা হয়েছে। এই গেইটের পাশে একটি টয়লেট জোন নির্মাণ করা হয়েছে। প্রকল্প দলিল অনুযায়ী মাঠের পশ্চিম ও পূর্ব কোণায় দুটি টয়লেট জোন নির্মাণের জন্য নির্ধারিত থাকলেও বাস্তবতার নিরিখে একটি স্থানে এই টয়লেট জোন নির্মাণ করা হয়েছে। গত বিশ্ব এস্তেমার সময় নিরাপত্তার দায়িত্বপ্রাপ্ত কর্মী বাহিনী এই মাঠে অবস্থান করার কারণে তারা পাবলিক টয়লেট ব্যবহার করে। পরিদর্শনের সময় এই পাবলিক টয়লেটের অধিকাংশ কমোড ও ইউরানেল অকেজো বা ভাংগা অবস্থায় দেখা গেছে।



চিত্র- ৪। মাঠের বাইরের পাবলিক টয়লেট জোনের ভিতরের দৃশ্য।

৯.৩ খেলার মাঠ উন্নয়ন

বিদ্যমান মাঠকে খেলার উপযোগি করতে মাটি ভরাতসহ উন্নয়ন করা হয়েছে। মাঠের ভিতর পশ্চিম পাশে প্রচুর গাছ লাগানো ছিল। জানা যায়, এই গাছ অপসারণে আইনী জটিলতার কারণে প্রকল্পের কাজ পিছিয়ে পড়ে। মাঠের চারিপাশে ডেনেজ সিস্টেম নির্মাণ করা হয়েছে। উপস্থিত প্রকৌশলী জানান, প্রয়োজন না থাকায় মাঠের স্প্রিংলার স্থাপন করা হয়নি। পিসিআর হতে দেখা যায় এ খাতে ব্যয়ও কম হয়েছে।

এছাড়া, মাঠের চারিপাশে ৩ফুট গার্ডওয়ালের পাশে ৭ ফুট উচ্চতার ৫২০ রাঃমিঃ গ্রীল ফেন্সিং নির্মাণ করা হয়েছে। গ্রীল ফেন্সিং এর জন্য গার্ডওয়াল এবং এর উপর এম এস এংগেল ও রড ব্যবহার করা হয়েছে। পরিদর্শনের সময় এগুলি ভাল অবস্থায় দেখা গেছে। মাঠের চারিপাশে আরসিসি ওয়াক ওয়ে ও অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ করা হয়েছে।

৯.৪ অন্যান্য

ক) ক্রয় কার্যক্রমঃ

প্রকল্পের আওতায় ক্রয় সংক্রান্ত কার্যক্রমের নথিপত্র দেখা হয়। প্রকল্পের কাজের জন্য একটি প্যাকেজ নির্ধারিত ছিল। ওটিএম পদ্ধতি ব্যবহার করা হয়। দরপত্রের বিজ্ঞপ্তি দৈনিক জনকন্ঠ ও দি নি উ নেশন পত্রিকায় ০১.১০.২০১২ তারিখে প্রকাশিত হয়। এতে দুইটি প্রতিষ্ঠান অংশ গ্রহণ করে এবং উভয়ই রেসপন্সিভ হয়। প্রতিষ্ঠান দুটি হল দি বিল্ডার্স ইঞ্জিনিয়ার্স এন্ড দেশ উন্নয়ন ' এবং 'পারিশা ট্রেড সিস্টেম লিমিটেড -এসএসইসি'। সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠান 'পারিশা ট্রেড সি স্টেম লিমিটেড -এসএসইসি'-কে কার্যাদেশ প্রদান করা হয়। উল্লেখ্য, কাজের প্রাক্কলিত মূল্য ছিল ৭,৪৮,২৯,৮৫৬.০০ লক্ষ টাকা। ৬ সদস্য বিশিষ্ট দরপত্র মূল্যায়ন কমিটিতে ২ জন সংস্থার বাইরের কর্মকর্তা ছিলেন। মূল্যায়ন কমিটির সুপারিশ অনুমোদন করেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী বিগত ০৭.১১.২০১২ তারিখে। সর্বনিম্ন দরদাতাকে কার্যাদেশ প্রদান করা হয় ২৭.১২.২০১২ তারিখে। উক্ত প্রকল্পের কাজ ২৭.১২.২০১২ তারিখে শুরু হয়ে ২৬.০৬.২০১৪ তারিখে সমাপ্ত হয়। প্র কল্প প্রকৌশলী জানান, ঠিকাদারের জামানতের অর্থ এখনও ফেরত দেয়া হয়নি।

খ) এমওইউ স্বাক্ষরঃ

প্রকল্পটি শুরুর প্রাক্কালে বাংলাদেশ টেলিফোন শিল্প সংস্থার মাঠে স্টেডিয়াম নির্মাণ ও তার ব্যবহারের জন্য বাংলাদেশ টেলিফোন শিল্প সংস্থার সাথে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর হওয়ার কথা ছিল যা এখন অর্জন করা যায়নি। স্টেডিয়ামটি নির্মাণ শেষে ইতোমধ্যে টংগী জেলা ক্রীড়া সংস্থার নিকট হস্তান্তর করা হয়েছে। নির্মিত প্যাভিলিয়ন ভবনের পিছনে টিএসএস সংস্থার একটি পুরাতন সেমিপাকা আনসার ব্যারাকের কিছু অংশ (প্রায় ১৫০০ বর্গফুট) অপসারণ করা যায়নি। কেননা এখানে টেলিফোন শিল্প সংস্থার জন্য আন সারদের কিছু সদস্য এখনও অবস্থান করছেন। পরিদর্শনের সময় দেখা যায়, ভবিষ্যতে সাধারণ গ্যালারি করার সময় অবশিষ্ট ব্যারাক অপসারণ করা প্রয়োজন হবে। মাঠটি ব্যবহারের জন্য এমওইউ দূত স্বাক্ষর হওয়া প্রয়োজন।

১০। প্রকল্পের উদ্দেশ্য ও অর্জন :

উদ্দেশ্য	অর্জন
গাজীপুর জেলার টংগীস্থ টেলিফোন শিল্প সংস্থা (টিএসএস)'র মাঠে আদর্শ স্টেডিয়াম নির্মাণ করা।	গাজীপুর জেলার টংগীস্থ টেলিফোন শিল্প সংস্থা (টিএসএস)'র মাঠে আদর্শ স্টেডিয়াম নির্মাণ সম্পন্ন হয়েছে।

১১। উদ্দেশ্যে পুরোপুরি অর্জিত না হলে উহার কারণ : প্রয়োজ্য নয়।

১২। সমস্যা

১২.১ ক্ষতিগ্রস্ত পাবলিক টয়লেট জোনঃ

মাঠের বাইরে পাবলিক টয়লেট জোনের কমোড বা ইউরেনালগুলির অধিকাংশই ক্ষতিগ্রস্ত হয়েছে। (চিত্র-৪)

১২.২ পার্টিশান দেওয়ালে হেয়ারক্র্যাকঃ

প্যাভিলিয়ন ভবনের দোতলার দুটি কক্ষের মাঝের পার্টিশান দেওয়ালে হেয়ারক্র্যাক দেখা গেছে। (চিত্র-৩)

১২.৩ কমোডের ফ্লাশ অকেজোঃ

প্যাভিলিয়ন ভবনের টয়লেট জোনের কয়েকটি কমোডের ফ্লাশ কাজ করে না মর্মে দেখা গেছে।

১২.৪ এমওইউ স্বাক্ষর না হওয়াঃ

প্রকল্পের শুরুতেই নির্মাণ কাজের ও মাঠ ব্যবহারের সুবিধার্থে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সাথে বাংলাদেশ টেলিফোন শিল্প সংস্থার একটি এমওইউ স্বাক্ষর হওয়ার কথা ছিল। প্রকল্প অফিস হতে জানা গেছে অদ্যাবধি এই এমওইউ স্বাক্ষর হয়নি।

১৩। সুপারিশ

১৩.১ মাঠের বাইরে পাবলিক টয়লেট জোনের কমোড বা ইউরেনালগুলি দ্রুত মেরামত করে ব্যবহার উপযোগি করতে হবে।

১৩.২ প্যাভিলিয়ন ভবনের দোতলার পার্টিশন দেওয়ালের হেয়ারক্র্যাক দ্রুত মেরামত করতে হবে।

১৩.৩ প্যাভিলিয়ন ভবনের টয়লেট জোনের কমোডের ফ্লাশগুলি কার্যক্ষম করতে প্রয়োজনীয় সংস্কার করতে হবে।

১৩.৪ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সাথে বাংলাদেশ টেলিফোন শিল্প সংস্থার মধ্যে দ্রুত এমওইউ স্বাক্ষর সম্পন্ন করতে হবে।

১৩.৫ সমাপ্ত প্রকল্পটির দ্রুত External Audit সম্পন্ন করতে হবে এবং অডিট এর প্রতিবেদন আইএমই বিভাগে প্রেরণ করতে হবে।

১৩.৬ উপ-অনুচ্ছেদ ১৩.১ থেকে ১৩.৫ এর বিষয়ে গৃহিত পদক্ষেপসমূহ আইএমই বিভাগকে জানাতে হবে।

পাবনা জেলার শহীদ এ্যাডভোকেট আমিনউদ্দিন স্টেডিয়ামের সংস্কার ও উন্নয়ন
সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত : জুন, ২০১৪)

- ১। প্রকল্পের নাম : পাবনা জেলার শহীদ এ্যাডভোকেট আমিনউদ্দিন স্টেডিয়ামের সংস্কার ও উন্নয়ন।
- ২। বাস্তবায়নকারী সংস্থা : জাতীয় ক্রীড়া পরিষদ।
- ৩। উদ্যোগী মন্ত্রণালয় /বিভাগ : যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
- ৪। প্রকল্পের অবস্থান : পাবনা।
- ৫। প্রকল্প বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সংশোধিত		মূল	মেয়াদ বৃদ্ধি (১ম বার)			
৯৯৫.৪৭		৯৫০.৯৭	০১.০৪.২০১৩ হতে ৩১.১২.২০১৩	০১.০৪.২০১৩ হতে ৩০.০৬.২০১৪	০১.০৪.২০১৩ হতে ৩০.০৬.২০১৪	-	০৬ মাস (৭৫%)

৬। সাধারণ পর্যবেক্ষণঃ

৬.১ প্রকল্পের উদ্দেশ্যঃ

পাবনা জেলায় ফুটবল এবং এ্যাথলেটিক্স গেমস এর জন্য ক্রীড়া অবকাঠামোগত সুবিধাবলীর উন্নয়ন।

৬.২ প্রকল্প গ্রহণের পটভূমিঃ

একটি স্টেডিয়াম একমাত্র ভেন্যু যেখানে সারা বছর খেলোয়াড়রা অনুশীলন করতে পারে এবং বিভিন্ন প্রকার প্রতিযোগিতামূলক খেলাধুলা অনুষ্ঠিত হয়ে থাকে। অনুশীলন ও প্রতিযোগিতায় অংশ গ্রহণ করার মাধ্যমে একজন খেলোয়াড় গড়ে ওঠে। অন্যদিকে খেলাধুলাকে সাধারণ শিক্ষার একটি আবশ্যিক অংশ হিসাবে বিবেচনা করা হয়ে থাকে। খেলাধুলা জাতীয় সচেতনতা এবং আত্মবিশ্বাসে বলিয়ান করে তোলে। এ প্রেক্ষাপটে সরকার দেশের অভ্যন্তরে খেলাধুলার মান উন্নয়নের জন্য নানা প্রকার অবকাঠামো নির্মাণের উদ্যোগ নিয়েছেন। পাবনা দেশের অন্যতম বৃহৎ জেলা এবং শহীদ এডভোকেট আমিনউদ্দিন স্টেডিয়ামটি জেলা সদরের একমাত্র স্টেডিয়াম। এটি অনেক বছর পূর্বে নির্মাণ করায় বর্তমানে প্যাভিলিয়ন ভবনসহ অন্যান্য স্থাপনা ব্যবহার অনুপযোগি হয়ে পড়ায় আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয় এবং ইতোমধ্যে প্রকল্পের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে।

৬.৩ প্রকল্পের অনুমোদন অবস্থাঃ

মূল প্রকল্পটি বিগত ১১.৪.২০১৩ তারিখে ৯৯৫.৪৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এপ্রিল, ২০১৩ হতে ডিসেম্বর, ২০১৩ মেয়াদ বাস্তবায়নের জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রাক্কলিত ব্যয় অপরিবর্তিত রেখে মেয়াদকাল ০৬ মাস বৃদ্ধি করে এপ্রিল, ২০১৩ হতে জুন, ২০১৪ করা হয়।

৬.৪ প্রকল্পের মূল কার্যক্রমঃ

প্রকল্পের আওতায় দ্বিতল বিশিষ্ট একটি প্যাভিলিয়ন ভবন নির্মাণ, সাধারণ গ্যালারি নির্মাণ, খেলার মাঠ উন্নয়ন, বাউন্ডারি ওয়াল নির্মাণ, অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ ইত্যাদি উল্লেখযোগ্য কার্য সম্পাদন করা হয়েছে।

৬.৫ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

ক্র: নং	কর্মকর্তার নাম ও পদবী	মেয়াদকাল	
		শুরু	শেষ
১।	জনাব মোঃ হাবিবুর রহমান সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)	০১.০৪.২০১৩	১৩.০৮.২০১৩
২।	জনাব রেজাউল মোস্তফা কামাল পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)	১৪.০৮.২০১৩	৩০.০৬.২০১৪

৬.৬ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতিঃ

প্রকল্পের অনুমোদিত ব্যয় ৯৯৫.৪৭ লক্ষ টাকার বিপরীতে মোট ৯৫০.৯৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে (৯৬%)। মূল কার্যক্রমসমূহের মধ্যে দ্বিতল বিশিষ্ট একটি প্যাভিলিয়ন ভবন নির্মাণ, সাধারণ গ্যালারি নির্মাণ, খেলার মাঠ উন্নয়ন, বাউন্ডারি ওয়াল নির্মাণ, অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ ইত্যাদি সম্পাদন করা হয়েছে।

৭। প্রকল্পের বিভিন্ন অংগের বাস্তবায়ন (পিসিআর এ প্রদত্ত তথ্যের ভিত্তিতে)ঃ

(লক্ষ টাকায়)

SI. No	Name of Components	Unit	As per approved DPP			Progress	
			Quantity	Rate (TK.)	Amount (in Lakh)	Quantity	Amount (in Lakh)
1	2	3	4	5	6	7	9
1.	Dismantling work						
	i) RCC work	Cum	975.00	1426.00	13.90	-	-
	ii) 250mm thick brick work	Cum	900.00	154.00	1.39	-	-
	Sub-Total =				15.29		-
2.	Construction of 2-Storied Pavilion building (100'x60')						
	i) Foundation work (3-storied)	Sqm	558.00	9063.00	50.57	558.00	50.50
	ii) Ground floor with plinth	Sqm	558.00	15111.00	84.32	558.00	84.30
	iii) 1st floor	Sqm	372.00	14656.0	54.52	372.00	54.52

				0			
	b) Internal sanitary work	Sqm	930.00	1005.00	9.35	930.00	9.35
	c) Internal electrical work	Sqm	930.00	1425.00	13.25	930.00	13.25
	d) Electric connection existing work supply	L.S	1.00	150000.00	1.50	1.00	1.50
	Sub-Total =				213.51		213.45
3.	Construction of General Gallery (11 step, 600ft)						
	a) Foundation	Sqm	2342.00	7552.00	176.87	2342.00	176.85
	b) Ground floor	Sqm	2342.00	14656.00	343.24	2342.00	343.00
	Sub-Total =				520.11		519.85
4.	Land development & Play field development						
	a) Land development by carted earth	Cum	18350.00	223.16	40.95	18350.00	40.62
	b) Play field development	Cum	8780.00	399.00	35.03	8780.00	33.33
	c) Dibbling the grass	Sqm	23900.00	32.00	7.65	23900.00	6.16
	Sub-Total =				83.63		68.34
5.	Construction of Boundary wall						
	a) RCC boundary wall	Rm	1225.00	5850.00	71.66	1225.00	69.54
	b) Repairing of old boundary wall	L.S	1.00	500000.00	5.00	1.00	4.50
	c) Barbed wire fencing	Rm	1225.00	695.00	8.51	-	-
	Sub-Total =				85.18		74.04
6.	Painting work for existing grill fencing	Sqm	1700.00	150.00	2.55	1700.00	1.27
7.	Repairing of old gallery	L.S	1.00	500000.00	5.00	1.00	4.77
8.	Supply of furniture	L.S	1.00	1500000.00	15.00	1.00	14.50
9.	Construction of main gate	L.S	1.00	1000000.00	10.00	1.00	7.04
10.	Internal RCC surface drain, Outlet & Cover Slab	Rm	560.00	7535.86	42.20	560.00	34.19
	Total (1 to 10)=				992.47		937.45
11.	Tender preparation & advertisement bill others.	L.S	-	-	1.00	-	0.93
12.	Stationary, Computer assosaries etc.	L.S	-	-	1.00	-	0.52
13.	Honorarium of Various Committee Meeting	L.S	-	-	1.00	-	0.30
	Grand total =				995.47		950.97

- অব্যয়িত ৪৪.০৩ লক্ষ টাকা বিধি মোতাবেক সমর্পন করা হয়েছে।

৮। কাজ অসমাপ্ত থাকলে উহার বিবরণ :

প্রকল্পের আওতায় বাউন্ডারি ওয়ালের উপর বার্বেড ওয়ার স্থাপন করা যায়নি।

৯। পরিদর্শিত এলাকা :

এ বিভাগের সংশ্লিষ্ট উপ-পরিচালক কর্তৃক গত ২৮-০৩-২০১৫ তারিখে প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম পর্যালোচনার জন্য প্রকল্প এলাকা পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্পের প্রকৌশলীসহ সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। নিম্নে প্রকল্পের আওতায় সম্পাদিত প্রধান প্রধান কার্যক্রমের সংক্ষিপ্ত বর্ণনা দেয়া হলোঃ

৯.১ প্যাভিলিয়ন ভবন

৩ তলা ফাউন্ডেশন বিশিষ্ট দোতলা প্যাভিলিয়ন ভবন নির্মাণ করা হয়েছে। এটি পুরাতন একটি প্যাভিলিয়ন ভবন অপসারণ করে নতুনভাবে নির্মাণ করা হয়েছে। পুরাতন ভবন অপসারণের জন্য ১৫.২৯ লক্ষ টাকা প্রাক্কলন ছিল। তবে এই অর্থ ব্যয়ের প্রয়োজন হয়নি। উপস্থিত কর্মকর্তারা জানান, জেলা ক্রীড়া সংস্থার নিজস্ব উদ্যোগে এটি অপসারণ করা হয়েছে। নতুন প্যাভিলিয়ন ভবনটির আয়তন ১০০ ফুট বাই ৬০ ফুট। ভবনের সামনে মাঠের দিকে ৮ খাপ বিশিষ্ট ভিআইপি গ্যালারি নির্মাণ করা হয়েছে। প্যাভিলিয়ন ভবনের দোতলায় ২টি প্লেয়ার্স ডেসিং রুম, ১টি ভিভিআইপি রুম (বাথরুমসহ) ও ৪টি বাথরুম জোন নির্মাণ করা হয়েছে। নিচতলায় বিভিন্ন আয়তনের ৭টি রুম নির্মাণ করা হয়েছে। এর মধ্যে জেলা ক্রীড়া সংস্থা র সভাপতি ও সম্পাদকের জন্য ১টি করে কক্ষ, অন্য সকল সদস্যদের জন্য ১টি, কোষাধ্যক্ষের জন্য ১টি ১টি কনফারেন্স কক্ষ ও টি স্টোর রুম রয়েছে। এ ফ্লোরে ২টি টয়লেট ব্লক রয়েছে। দ্বিতীয় তলার বেলকনি ও রুম সংলগ্ন কয়েকটি স্থানে (বিশেষ করে ছাদ ও ওয়ালের সংযোগস্থলে) হেয়ারক্র্যাফ দেখা গেছে। নির্দিষ্ট সময় পর্যবেক্ষণসাপেক্ষে উক্ত ফাটল বৃদ্ধি হলে কারিগরি দিক বিবেচনা করে তা মেরামতের উদ্যোগ নেয়া প্রয়োজন হবে। এছাড়া নিচতলার স্টোর রুমের ফ্লোরে ফাটল পরিলক্ষিত হয়েছে। উপস্থিত প্রকৌশলী জানান, মেঝে ঢালাই করার পর নেট ফিনিশিং করা হয়েছে। যদি ঢালাই ত্রুটির কারণে এটা হয়ে থাকে তবে ঠিকাদার কর্তৃক তা নতুন করে করতে হবে। পরিদর্শনের সময় ঠিকাদারের জামানত ফেরত প্রদানের পূর্বেই বিষয়টি দ্রুত মেরামতের জন্য বলা হয়েছে। উপস্থিত জেলা ক্রীড়া সংস্থার প্রতিনিধিগণ জানান, নির্মাণের সময় কোন কোন কাজ কিভাবে সম্পাদন করা হবে তা তাদের জানা না থাকায় কাজ বুঝে নিতে অসুবিধা হয়েছে। তারা প্যাভিলিয়ন ভবনের লবির ওপেনিং (ভেন্টিলেশন) এ গ্লাস না লাগানো ও মাঠের বাইরে দক্ষিণ -পূর্ব কোণায় মাটি ভরাট করা হয়নি মর্মে অভিযোগ করেন। উপস্থিত প্রকৌশলী জানান, উল্লিখিত স্থানে মাটি ভরাটের বিষয়টি প্রকল্পে অন্তর্ভুক্ত নেই। এই ভবনে ব্যবহারের জন্য সিংগেল সিটেড ও টু সিটেড সোফা ডাইনিং টেবিল, চেয়ার, সেক্রেটারিয়েট টেবিল, ভিজিটর চেয়ার, ফাইল কেবিনেট, প্লেয়ার্স চেয়ার, কাববোর্ড লকার, স্টিল আলমিরা ইত্যাদি সরবরাহ করা হয়েছে।



চিত্র- ১। নির্মিত প্যাভিলিয়ন বিল্ডিং



চিত্র-২। নির্মিত সাধারণ গ্যালারি



চিত্র- ৩। প্যাভিলিয়ন ভবনের স্টোর রুমের মেঝেতে ফাটল



চিত্র- ৪। প্যাভিলিয়ন ভবনের লবি রুমের ওপেনিং এ গ্লাস লাগানো হয়নি

৯.২ বাউন্ডারি ওয়াল

১২২৫ রাঃমিটার বাউন্ডারি ওয়াল নির্মাণ করা হয়েছে। বিদ্যমান কিছু ওয়ালের সংস্কার কাজও সম্পাদন করা হয়েছে। নির্মিত বাউন্ডারি ওয়ালে আরসিসি পিলার এবং ফাউন্ডেশনে গ্রেটবীম দেওয়া হয়েছে বলে উপস্থিত প্রকৌশলী জানান। বাউন্ডারি ওয়ালের উচ্চতা প্রায় ৮ ফুট এবং এর উপর বারবেড ওয়ার দেয়ার কথা থাকলেও তা দেয়া হয়নি। অবশ্য এ খাতের ৮.৫১ লক্ষ টাকাও ব্যয় করা হয়নি মর্মে পিসিআর হতে দেখা যায়। উপস্থিত প্রকৌশলী জানান ঠিকাদারী প্রতিষ্ঠানের গাফিলতির কারণে কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার লক্ষ্যে শেষ মুহূর্তে এই আইটেমটি সম্পাদন করা যায়নি। মাঠের দক্ষিণ-পশ্চিম কোণায় একটি গেইট নির্মাণ করা হয়েছে। এই গেইটের পাশে একটি গার্ডশেডও নির্মাণ করা হয়েছে।

৯.৩ খেলার মাঠ উন্নয়ন ও অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ

বিদ্যমান মাঠকে খেলার উপযোগি করতে মাটি ভরাটসহ উন্নয়ন করা হয়েছে। মাঠের চারিপাশে কাভার্ড ড্রেনেজ সিস্টেম নির্মাণ করা হয়েছে। পরিদর্শনের সময় দেখা যায়, জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে মাঠের মাঝে ক্রিকেট খেলার জন্য পীচ নির্মাণ করা হয়েছে। মাঠের স্লোপিং ঠিকমত করা হয়েছে মর্মে দেখা যায়। প্যাভিলিয়ন ভবনের সামনে ও পশ্চিমের সাধারণ গ্যালারি পর্যন্ত অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ করা হয়েছে। পরিদর্শনের সময় প্যাভিলিয়ন ভবনের সামনে একটি অংশের রাস্তা ভাঙা দেখতে পাওয়া যায়। জানা যায়, মাঠের ভিতর ক্রিকেট পীচ নির্মাণকালে ছোট আকারের ট্রাক চলাচল করার সময় এ অংশ ভেঙে গেছে। ভাঙা অংশ পর্যবেক্ষণে দেখা যায়, প্রকৃতপক্ষে, রাস্তার এ অংশের ঢালাইয়ে ব্যবহৃত উপকরণের মিশ্রণ ঠিকমত না হওয়ায় তা ভেঙে গেছে। তবে রাস্তার অন্যান্য স্থানে রেনডমভাবে কয়েকটি স্থানে শাবল দিয়ে পরীক্ষা করা হয়েছে। বাঁকি অংশের কাজ সন্তোষজনক মনে হয়েছে। আউটার মাঠের (মূল মাঠের পশ্চিমে) নীচু জায়গা মাটি দিয়ে ভরাট করা হয়েছে। তবে বেশ কিছু অংশ সমতল করা হয়নি। কোথাও কোথাও আরো মাটি ভরাটের প্রয়োজন রয়েছে। সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে তাদের জা মানতের অর্থ ফেরত প্রদানের পূর্বেই পুরো অংশ সমতল করে নিতে হবে।



চিত্র- ৫। অভ্যন্তরীণ রাস্তার একটি অংশের নিম্নমানের ঢালাই

৯.৪ সাধারণ গ্যালারি নির্মাণ

মাঠের পূর্বদিকে পুরাতন গ্যালারির অংশকে মেরামত সংস্কারসহ নতুন করে ১১ ধাপের ৬০০ফুট পূর্ব ও পশ্চিম দিকে সাধারণ গ্যালারি নির্মাণ করা হয়েছে। নির্মাণের পর গ্যালারি ব্যবহার হয়নি বলে জেলা ক্রীড়া সংস্থার প্রতিনিধিগণ জানান। তবে গ্যালারির নির্মাণ মান সন্তোষজনক হয়েছে। এছাড়া, মাঠের চারিপাশে বিদ্যমান গ্রীল ফেন্সিং সংস্কার ও মেরামত করা হয়েছে।

৯.৫ অন্যান্য

ক্রয় কার্যক্রমঃ

প্রকল্পের আওতায় ক্রয় সংক্রান্ত কার্যক্রমের নথিপত্র দেখা হয়। প্রকল্পের কাজের জন্য তিনটি প্যাকেজ নির্ধারিত ছিল। প্যাকেজগুলি যথাক্রমে ক) দোতলা প্যাভিলিয়ন ভবন নির্মাণ খ) জেনারেল গ্যালারি নির্মাণ এবং গ) ভূমি ও খেলার মাঠ উন্নয়ন, বাউন্ডারি নির্মাণ, প্রধান ফটক নির্মাণ ইত্যাদি। ক্রয় কার্যক্রমে ওটিএম পদ্ধতি ব্যবহার করা হয়। দরপত্রের বিজ্ঞপ্তি ‘দৈনিক জনকণ্ঠ’, ‘দৈনিক আমাদের অর্থনীতি’ ও ‘দি ফাইন্যান্সিয়াল এক্সপ্রেস’ পত্রিকায় প্রকাশিত হয়। এতে ‘ক’ প্যাকেজের জন্য ৬টি দরপত্র, ‘খ’ প্যাকেজের জন্য ৭টি ও ‘গ’ প্যাকেজের জন্য ৬টি দরপত্র জমা পড়ে যার সবগুলিই রেসপন্সিভ হয়। ১ম ও ৩য় প্যাকেজের জন্য মোঃ জিন্নাত আলী জিন্নাহ এবং ২য় প্যাকেজের জন্য মেসার্স সাজিন এন্টারপ্রাইজ সর্বনিম্ন দরদাতা হিসাবে বিবেচিত হয় এবং তাদেরকে কার্যাদেশ প্রদান করা হয়। ৫ সদস্য বিশিষ্ট প্রতিটি দরপত্র মূল্যায়ন কমিটিতে ২ জন সংস্থার বাইরের কর্মকর্তা ছিলেন। মূল্যায়ন কমিটির সুপারিশ অনুমোদন করেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী বিগত ০৮.১১.২০১৪ তারিখে। সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠা নসমূহকে কার্যাদেশ প্রদান করা হয় ১৫.০১.২০১৪ তারিখে। উক্ত প্রকল্পের কাজ ১৫.০১.২০১৪ তারিখে শুরু হয়ে ৩০.০৬.২০১৪ তারিখে সমাপ্ত হয়। প্রকল্প প্রকৌশলী জানান, ঠিকাদারের জমানতের অর্থ এখনও ফেরত দেয়া হয়নি।

১০। প্রকল্পের উদ্দেশ্যে ও অর্জন :

উদ্দেশ্য	অর্জন
পাবনা জেলায় ফুটবল এবং এ্যাথলেটিক্স গেমস এর জন্য ক্রীড়া অবকাঠামোগত সুবিধাবলীর উন্নয়ন।	পাবনা জেলায় ফুটবল এবং এ্যাথলেটিক্স গেমস এর জন্য ক্রীড়া অবকাঠামোগত সুবিধাবলীর উন্নয়ন সম্পন্ন করা হয়েছে।

১১। উদ্দেশ্যে পুরোপুরি অর্জিত না হলে উহার কারণ : প্রযোজ্য নয়।

১২। সমস্যা

১২.১ প্যাভিলিয়ন ভবনের নিচতলায় স্টোর রুমের মেঝেতে ফাটলঃ

প্যাভিলিয়ন ভবনের নিচতলায় স্টোর রুমের মেঝেতে ফাটল দেখা গেছে (চিত্র-৩)।

১২.২ প্যাভিলিয়ন ভবনের লবির ওপেনিং এ গ্লাস না লাগানোঃ

প্যাভিলিয়ন ভবনের নিচতলায় লবির ওপেনিং (ভেন্টিলেশন) এ গ্লাস লাগানো হয়নি (চিত্র-৪)।

১২.৩ অভ্যন্তরীণ রাস্তার কিছু অংশের ঢালাই ক্ষতিগ্রস্ত হয়ে পড়াঃ

প্যাভিলিয়ন ভবনের সামনে অভ্যন্তরীণ রাস্তার অল্প কিছু স্থানের ঢালাই নিম্নমানের হয়েছে (চিত্র-৫)।

১২.৪ আউটার মাঠ ভরাট করার পর সমতল না হওয়াঃ

স্টেডিয়ামের বাইরে পশ্চিম পাশের খোলা অংশে মাটি ভরাট করা হলেও তার কিছু অংশ সমতল করা হয়নি।

১২.৫ অডিট কার্যক্রম সম্পন্ন হওয়ার বিষয়টি স্পষ্ট নয়ঃ

প্রকল্পটির উপর অডিট কার্যক্রম সম্পন্ন হয়েছে কিনা সে বিষয়ে পিসিআরে স্পষ্ট করে কিছু বলা হয়নি।

১৩। সুপারিশ

১৩.১ প্যাভিলিয়ন ভবনের সামনে অভ্যন্তরীণ রাস্তার ক্ষতিগ্রস্ত অংশ দ্রুত মেরামত করতে হবে।

১৩.২ প্যাভিলিয়ন ভবনের নিচতলায় লবির ওপেনিং এ গ্লাস লাগিয়ে বাতাস প্রবাহের ব্যবস্থা করতে হবে।

১৩.৩ প্যাভিলিয়ন ভবনের নিচতলায় স্টোর রুমের ফ্লোর নতুন করে ঢালাই/সংস্কার করতে হবে।

১৩.৪ স্টেডিয়ামের বাইরে পশ্চিম পাশের খোলা অংশের অসমতল অংশটুকু মাটি ভরাট করে সমতল করতে হবে।

১৩.৫ প্রকল্পের উপর অডিট কার্যক্রম সম্পন্ন না হয়ে থাকলে তা দ্রুত সম্পাদন করতে হবে।

১৩.৬ উল্লিখিত ত্রুটি/বিচ্ছ্যতিগুলির আলোকে প্রয়োজনীয় সংস্কার/মেরামত কাজ সম্পাদনের পূর্বে ঠিকাদারকে জামানতের টাকা ফেরৎ দেয়া যাবে না।

১৩.৬ উপ-অনুচ্ছেদ ১৩.১ থেকে ১৩.৫ এর বিষয়ে গৃহিত পদক্ষেপসমূহ আইএমই বিভাগকে জানাতে হবে।

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের ইনডোর প্রশিক্ষণের জন্য সিনথেটিক টার্কসহ বেইলম্যান হ্যাংগার নির্মাণ
সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত : মার্চ, ২০১৪ খ্রিঃ)

- ১। প্রকল্পের নাম : বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের ইনডোর প্রশিক্ষণের জন্য সিনথেটিক টার্কসহ বেইলম্যান হ্যাংগার নির্মাণ।
- ২। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান।
- ৩। উদ্যোগী মন্ত্রণালয় /বিভাগ : যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
- ৪। প্রকল্পের অবস্থান : সাভার, ঢাকা।
- ৫। প্রকল্প বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়	প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
		মূল	ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বর্ধিত			
মূল মোট টাকা প্রঃসাঃ	মোট টাকা প্রঃসাঃ					
৪৩৬৪.৬৪	৪৩৪৭.২৩	জানুয়ারি, ২০১১	জানুয়ারি, ২০১১	জানুয়ারি, ২০১১	-	৯ মাস
৪৩৬৪.৬৪	৪৩৪৭.২৩	হতে	হতে	হতে	-	(৩০)
-	-	৩০ জুন, ২০১৩	মার্চ, ২০১৪	মার্চ, ২০১৪		

৬। সাধারণ পর্যবেক্ষণ :

৬.১ পটভূমি :

১৯৭৬ সালে মাষ্টার প্ল্যানের আওতায় খেলাধুলার সুবিধাবলীর জন্য ১০০ একর জমির উপর বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) প্রতিষ্ঠা করা হয়। মাষ্টার প্ল্যান অনুযায়ী প্রতিষ্ঠানের অবকাঠামো নির্মাণ সংক্রান্ত ৮০% কার্যক্রম প্রায় ৭০.৯০ কোটি টাকা ব্যয়ে ১৯৭৬ থেকে ২০০৪ মেয়াদে সম্পন্ন হয়। ১৯৭৬ সালে 'বাংলাদেশ ইনস্টিটিউট অব স্পোর্টস' নামে যাত্রা শুরু করলেও পরবর্তীতে পরিকল্পনা ও কার্যক্রমে পরিবর্তন আনয়নের মাধ্যমে ১৯৮৩ সালে এর নামকরণ করা হয় বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)। ১৯৮৬ সালের ১০ এপ্রিল আনুষ্ঠানিকভাবে প্রশিক্ষণ কার্যক্রম শুরু করার মধ্য দিয়ে আন্তর্জাতিক ক্রীড়া ক্ষেত্রে দেশকে প্রতিষ্ঠা করার নিরলস প্রচেষ্টায় নিবেদিত রয়েছে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান।

১৯৮৫ সাল হতে অদ্যাবধি ফুটবল, হকি, ক্রিকেট, এ্যাথলেটিক, সাঁতার, জিমন্যাস্টিক, টেবিল টেনিস, কাবাডি, জুডো, বক্সিং, ভলিবল, হ্যান্ডবল এবং অ্যাচারী ইত্যাদি খেলার আন্তর্জাতিক প্রতিযোগিতায় বাংলাদেশ জাতীয় দলসমূহ অংশ গ্রহণ করে আসছে। জাতীয় দলগুলি আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশ গ্রহণের পূর্বে সুনির্দিষ্ট লক্ষ্য অর্জনের জন্য বিকেএসপিতে প্রশিক্ষণ গ্রহণ করে

থাকে। উক্ত প্রশিক্ষণ কার্যক্রমকে নিরবিচ্ছিন্ন এবং হাই পারফরমেন্স অর্জনের নিমিত্ত একটি বিজ্ঞানসম্মত ট্রেনিং প্রোগ্রাম তৈরী করা হয়। উক্ত প্রোগ্রাম বাস্তবায়নের জন্য একটি আন্তর্জাতিক মানের ইনডোর প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ জরুরী হয়ে পড়ে। অনেক সময় ঘন কুয়াশা বা প্রাকৃতিক দুর্যোগের কারণে দীর্ঘ সময় প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ রাখতে হয়, ফলে আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণকারী দলগুলির পারফরমেন্স নির্দিষ্ট লেভেলে পৌঁছানো সম্ভব হয় না। ফলশ্রুতিতে আন্তর্জাতিক প্রতিযোগিতায় আশানুরূপ ফল পাওয়া যায় না। বেইলম্যান হ্যাংগারের মধ্যে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে আধুনিক বিজ্ঞান সম্মত ও নিরবিচ্ছিন্নভাবে জাতীয় দলগুলি প্রশিক্ষণ গ্রহণ করতে পারলে প্রতিযোগীদের পারফরমেন্স আন্তর্জাতিক মানের পৌঁছানো সম্ভব হবে এবং আন্তর্জাতিক প্রতিযোগিতায় আশানুরূপ ফল পাওয়া যাবে, দেশ ও জাতির সুনাম বৃদ্ধি পাবে। সেই লক্ষ্যেই আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৬.২ উদ্দেশ্য :

- ১। প্রতিকূল আবহাওয়ায় বিকেএসপিতে জাতীয় দলের দীর্ঘমেয়াদী নির্বিঘ্ন বিজ্ঞানভিত্তিক প্রশিক্ষণ প্রদান;
- ২। ধর্ম বর্ণ নির্বিশেষ সকল শ্রেণীর মানুষের নিকট বিকেএসপি'র বিজ্ঞানভিত্তিক প্রশিক্ষণ সুবিধা প্রদান এবং তাদেরকে জাতীয় ও আন্তর্জাতিক মানের খেলাধুলায় পারদর্শী করে তোলা;
- ৩। প্রতিষ্ঠানের বিদ্যমান ক্রীড়া সুবিধাবলীর উন্নয়নের মাধ্যমে একে বিজ্ঞানভিত্তিক প্রশিক্ষণের স্তরে উন্নীতকরণ;
- ৪। ক্রীড়া সুবিধাবলী শক্তিশালীকরণ এবং যথাযথ গুনগত মানসম্পন্ন স্পোর্টস ওয়্যার ও সামগ্রী সরবরাহের মাধ্যমে বিজ্ঞান সহায়ক পদ্ধতির উন্নয়ন করা ; এবং
- ৫। আন্তর্জাতিক মানের খেলাধুলায় যোগ্যতা অর্জন করার লক্ষ্যে সকল জাতীয় দলের কোচিং ক্যাম্প স্থাপনে বিকেএসপি'র বিদ্যমান সুবিধাবলীর ব্যবহারের সুযোগ করে দেওয়া।

৭। প্রকল্পের অনুমোদন অবস্থা :

প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়নের লক্ষ্যে মোট ৪৩৬৪.৬৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১১ হতে জুন, ২০১৩ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত গত ০৪-০১-২০১১ তারিখে অনুমোদিত হয়। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ০৯ (নয়) মাস বৃদ্ধি করে জানুয়ারি ২০১১ হতে মার্চ, ২০১৪ করা হয়।

৮। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

ক্রঃ নং	কর্মকর্তার নাম ও পদবী	মেয়াদকাল	
		শুর	মেয়াদ
১)	ব্রিগেডিয়ার জেনারেল, এম এম সালেহীন, এনডিসি, পিএসসি	২৪-০৫-২০১০	২৩-০৫-২০১২
২)	ব্রিগেডিয়ার জেনারেল মোঃ এমাদুল, হক, এনডিসি, পিএসসি	২৩-০৫-২০১২	৩১-০৩-২০১৪

৯। প্রকল্পের মূল কার্যক্রম :

প্রকল্পের আওতায় সম্পাদিতব্য অন্যতম অংগসমূহ হলো-স্পোর্টস/ফিটনেস ইক্যুপমেন্ট এন্ড এক্সেসরিস, কম্পিউটার গুডস, ফার্ণিচার, ইলেকট্রিক গুডস, কনস্ট্রাকশন অব স্টিল স্ট্রাকচার, ইনস্টলেশন অব সিনথেটিক টার্ক, কনস্ট্রাকশন অব ক্লাস রুম, কনস্ট্রাকশন অব অডিটোরিয়াম এন্ড অফিস, ফ্লাট লাইটিং উইথ ওয়ান-সাব স্টেশন ইত্যাদি

১০। অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি : মন্ত্রণালয় থেকে প্রাপ্ত পিসিআর এর ভিত্তিতে প্রকল্পটির অঙ্গভিত্তিক অগ্রগতি নিম্নে দেয়া হল :

(Tk. in lakh)

SI. NO	Items of Work(as per PP)	Unit	Target(as per PP)		Actual Progress		Reasons for deviation(±)
			Financial	Physical (Quantity)	Financial	Physical (Quantity)	
1	2	3	4	5	6	7	8
01	Sports Gears	nos	50.00	3	49.97	3	As per practical work done
02	Expert -Exchange	-	20.00	6	19.61	6	As per practical work done
03	Consultancy	no	10.00	1	10.00	1	As per practical work done
04	Honorarium / Fee	ls	5.00	-	1.34	-	As per practical work done
05	Miscellaneous Expenditure	nos	5.00	-	4.84	-	As per practical work done
06	Sports/Fitness Equipment & Accessories	nos	50.00	73	49.85	73	As per practical work done
07	Computer Goods	nos	10.00	20	9.84	20	As per practical work done
08	Furniture	nos	100.00	1565	97.54	1565	As per practical work done
09	Electric Goods	nos	200.00	57	199.60	57	As per practical work done
10	Construction of Steel Structure	sqm	1617.04	11152	1614.06	11152	As per practical work done
11	Installation of Synthetic Turf	sqm	1003.84	10780	998.44	10780	As per practical work done
12	Construction of Class room /training lab	sqm	677.92	1859	676.71	1859	As per practical work done
13	Construction of Auditorium & Office	sqm	515.84	1394	515.71	1394	As per practical work done
14	Flood light with sub station	nos	100.00	200	99.75	200	As per practical work done
			4364.64		4347.23*		

- অব্যয়িত ১৭.৪১ লক্ষ টাকা নিয়মানুযায়ী সমর্পন করা হয়েছে মর্মে পিসিআর হতে জানা যায়।

১১। কাজ অসমাপ্ত থাকলে উহার বিবরণ :

প্রকল্পের আওতায় সকল কার্যক্রম সম্পন্ন হয়েছে মর্মে জানা যায়।

১২। প্রকল্পের উদ্দেশ্যে ও অর্জন :

উদ্দেশ্যে	অর্জন
১। প্রতিকূল আবহাওয়ায় বিকেএসপিতে জাতীয় দলের দীর্ঘমেয়াদী নির্বিঘ্ন বিজ্ঞানভিত্তিক প্রশিক্ষণ প্রদান;	স্পোর্টস/ফিটনেস ইক্যুপমেন্ট এন্ড এক্সেসরিজ, ফার্নিচার, ইলেক্ট্রিক গুডস, কনস্ট্রাকশন অব স্টিল স্ট্রাকচার, ইনস্টলেশন অব সিনথেটিক টার্ক, ক্লাস রুম, অডিটোরিয়াম এবং সাব স্টেশনসহ ফ্লাট লাইট নির্মাণের মাধ্যমে সমুদয় লক্ষ অর্জন করা সম্ভব হয়েছে।
২। ধর্ম বর্ণ নির্বিশেষ সকল শ্রেণীর মানুষের নিকট বিকেএসপি'র বিজ্ঞানভিত্তিক প্রশিক্ষণ সুবিধা প্রদান এবং তাদেরকে জাতীয় ও আন্তর্জাতিক মানের খেলাধুলায় পারদর্শী করে তোলা;	
৩। বিকেএসপি'র বিদ্যমান ক্রীড়া অবকাঠামোগুলোকে আন্তর্জাতিক মানের উন্নীত করণ;	
৪। ক্রীড়া সুবিধাবলী শক্তিশালীকরণ এবং যথাযথ গুনগত মানসম্পন্ন স্পোর্টস ওয়্যার ও ক্রীড়া সামগ্রী সরবরাহের মাধ্যমে বিজ্ঞান সহায়ক প্রশিক্ষণ পদ্ধতির উন্নয়ন করা ; এবং	
৫। আন্তর্জাতিক মানের খেলাধুলায় যোগ্যতা অর্জন করার লক্ষে সকল জাতীয় দলের কোচিং ক্যাম্প স্থাপনে বিকেএসপি'র বিদ্যমান সুবিধাবলীর ব্যবহারের সুযোগ করে দেওয়া।	

১৩। উদ্দেশ্যে পুরোপুরি অর্জিত না হলে উহার কারণ : প্রযোজ্য নয়।

১৪। প্রকল্প অফিস পরিদর্শনঃ

এ বিভাগের মহাপরিচালক (শিঃ ও সাঃ) এবং উপ-পরিচালক কর্তৃক প্রকল্প এলাকা (সাভার, ঢাকা) পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় প্রকল্প পরিচালক, পরিচালক (উন্নয়ন), সংশ্লিষ্ট প্রকৌশলীসহ অন্যান্য কর্মকর্তা গণ উপস্থিত ছিলেন। নিম্নে পরিদর্শনের বিবরণী দেওয়া হলঃ

পরিদর্শনে দেখা যায়, ৫০০ ফুট X ২৮০ ফুট জায়গায় বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের ইনডোর প্রশিক্ষণের জন্য বেইলম্যান হ্যাংগার নির্মাণ কাজ শেষ হয়েছে। অবকাঠামোটি অস্ট্রেলিয়ার সমন্বিত গেইম ভিত্তিক ভিলেজের মডেল অনুসরণে মূলতঃ ৯৮,৫০০ বর্গফুট স্টিল স্ট্রাকচার দিয়ে তৈরী করা হয়েছে। স্টিল স্ট্রাকচার এর উপর রঙিন টিন দিয়ে ঢেকে দেওয়া হয়েছে। ৫০% ফাইবার ও অবশিষ্ট ৫০% মেটাল টিন ব্যবহার করা হয়েছে বলে উপস্থিত প্রকৌশলী জানান। মূল ইনডোরের ফ্লোরে ৯৩,৫০০ বর্গফুটের মাল্টিপারপাস সিনথেটিক টার্ক বসানো হয়েছে। জানা যায়, সিনথেটিক টার্ক নির্মাতা প্রতিষ্ঠান প্রকল্প এলাকায় কৌচামাল এনে টার্ক নির্মাণ করে এবং তাদের তত্ত্বাবধানে তা পুরো মাঠে স্থাপন করা হয়েছে। মাঠের পূর্ব ও পশ্চিম পার্শ্ব উত্তর দক্ষিণে লম্বা দ্বিতল ভবনে ১২টি ডিসিপ্লিন এর জন্য ২টি ড্রেসিং রুম, ২টি ক্লাসরুম, ১টি কম্পিউটার রুম, ১টি জিম রুম, ২টি কোচেস রুম, ২টি মেডিটেশন রুম, ১টি যন্ত্রপাতির রুম এবং ৩টি স্টোর রুম তৈরী করা হয়েছে। দোতলায় পূর্ব ও পশ্চিম পাশের গ্যালারির প্রতিটিতে ৩৫০টি করে চেয়ার বসানো হয়েছে।

অন্যান্য কক্ষ যেমন- খেলাধুলাজনিত তাৎক্ষনিক আঘাত পরিচর্যা ও রিহেবিলিটেশনের জন্য ক্রীড়া চিকিৎসা কেন্দ্র, সৌনা বাথ ল্যাব, স্ট্রেংথ প্রশিক্ষণের জন্য ওয়েট ট্রেনিং হল বা ল্যাব, ব্যবহারিক প্রশিক্ষণ/প্রতিযোগিতা কার্যক্রম পরবর্তী তাত্ত্বিক পর্যালোচনা ও সমীক্ষণের জন্য আধুনিক কম্পিউটার প্রযুক্তি সম্বলিত ভিডিও এনালিসিস অডিও ভিসুয়াল রুম বা ল্যাব, মাঠের দক্ষিণ দিকে ৭০০ আসন বিশিষ্ট একটি অডিটোরিয়াম নির্মাণ সমাপ্ত হয়েছে। অডিটোরিয়ামে acounstic sound system এর ব্যবস্থা করা

হয়নি। উপস্থিত প্রকৌশলী জানান, প্রকল্পে এ বাবদ অর্থ ধরা না থাকায় তা করা যায়নি। বেইলম্যান হ্যাংগারে প্রবেশ মুখে ৬৫০ বর্গমিটারের দ্বিভল বিশিষ্ট একটি অফিস বিল্ডিং নির্মাণ করা হয়েছে। অফিস বিল্ডিং এর নিচতলায় অফিস কক্ষ, ড্রপ টেস্ট রুম, ডক্টরস রুম ইত্যাদি নির্মাণ করা হয়েছে। এ ভবনের উপরে ক্লাব রুম, ক্যাফেটারিয়া, মিডিয়া রুম, মিডিয়া কর্মীদের জন্য দুটি আবাসিক কক্ষ রয়েছে। ক্লাসরুম, কম্পিউটার রুম, অডিটোরিয়াম, গ্যালারির জন্য চেয়ার, টেবিল, ক্যাবিনেট, আলমিরা ইত্যাদি ফার্ণিচার ক্রয় ও স্থাপন করা হয়েছে।



চিত্র-১। নির্মিত বেইলম্যান হ্যাংগার এর সম্মুখ অংশ।



চিত্র-২। নির্মিত বেইলম্যান হ্যাংগার এর ইনডোর অংশ।

তিনটি স্পোর্টস গিয়ার যথা-১টি জিমন্যাস্টিক ম্যাট ও ২টি বোলিং মেশিন, ফিটনেট ইক্যুপমেন্ট যথা- Blood Pressure Monitor, Stethoscope, Optimum Performance Visualization Book & Tape, Massage Table ক্রয় করা হয়েছে। এছাড়া ক্লাস রুম, কম্পিউটার রুম, অফিস বিল্ডিং ও অডিটোরিয়াম এর জন্য এসি ও ১৫০ কেভিএ ক্ষমতা সম্পন্ন ১টি জেনারেটর এবং ২৫ কেভিএ ক্ষমতা সম্পন্ন সোলার প্যানেল স্থাপন করা হয়েছে। সার্বিকভাবে নির্মাণ মান এবং সরবরাহকৃত মালামাল ভাল বলে প্রতীয়মান হয়েছে। তবে ক্লাসরুমে ব্যবহৃত কাঠ দ্বারা নির্মিত ডাইয়াস উন্নতমানের হয়নি। নিচতলার বারান্দার ফ্লোর ফিনিশিং ভাল হয়নি। এছাড়া উপরের গ্যালারির ফ্লোরে সাধারণ নেট ফিনিশিং করা হয়েছে যা দর্শনার্থী চলাচলে অসুবিধা সৃষ্টি করবে বলে প্রতীয়মান হয়েছে। এখানে পার্কিং টাইলস ব্যবহার করা প্রয়োজন ছিল।

অন্যান্য পর্যবেক্ষণঃ

- ক) ইনডোর অংশে প্রচলিত গরমে খেলাধুলা অনুশীলন করা কষ্টকর হবে মর্মে প্রতীয়মান হয়েছে। স্থাপিত সাধারণ মানের কতকগুলি exhaust fan দিয়ে এই বিশাল অংশের তাপমাত্রা নিয়ন্ত্রণ করাও দুরূহ হবে। উপস্থিত প্রকৌশলী জানান, হেভী ডিউটি exhaust fan স্থাপন করলে এ সমস্যার সমাধান করা যাবে।
- খ) এত ভারী স্থাপনা (স্টিল স্টাকচার) বিশিষ্ট ইনডোর কমপ্লেক্স বাংলাদেশের প্রেক্ষাপটে নতুন। নির্ধারিত সময় অন্তর নিরাপত্তা নিশ্চিতকরণে এর কারিগরী দিকগুলি নিয়মিত পরীক্ষা করা প্রয়োজন।
- খ) অডিটোরিয়ামে acounstic sound system এর ব্যবস্থা করা হয়নি। অডিটোরিয়ামটিকে মাল্টিপারপাস কাজে ব্যবহারের নিমিত্ত acounstic sound system সংযোজন করা প্রয়োজন।

১৫। সমস্যা :

- ১৫.১ ইনডোর স্পেস এ অস্বাভাবিক গরম অনুভূত হয়েছে। এখানে বিশেষ করে গরমকালে অনুশীলন করার অনুকূল পরিবেশ নেই। সাধারণ মানের কিছু exhaust fan লাগানো আছে যা দিয়ে এ বিশাল ইনডোর স্পেসের তাপমাত্রা সহনীয় পর্যায়ে রাখা সম্ভব নয়।
- ১৫.২ ক্লাসরুমের ডাইয়াসে ব্যবহৃত কাঠের মান এবং নিচতলার করিডরের পার্কিং টাইলস ফিটিংস ভাল হয়নি। এছাড়া, উপরের গ্যালারির ফ্লোর নেট ফিনিশিং করা হয়েছে যা গ্যালারির দর্শকদের চলাচলে অসুবিধা সৃষ্টি করবে।
- ১৫.৩ অডিটোরিয়ামে acounstic sound system এর ব্যবস্থা না থাকায় এর বহুবিধ ব্যবহারের চাহিদা হ্রাস পাবে।
- ১৫.৪ নির্ধারিত সময় অন্তর স্টিল স্টাকচারসমূহের কারিগরী দিকগুলি নিয়মিত পরীক্ষা না করলে অনুশীলনরত খেলোয়াড়দের জীবনের ঝুঁকি থেকে যাবে।

১৬। সপারিশ :

- ???.? তাপমাত্রা সহনীয় পর্যায়ে রাখতে হেভী ডিউটি exhaust fan লাগানো যেতে পারে।
- ১৬.২ কাঠের কিছু কাজ এবং কতিপয় ফ্লোরের ফিনিশিং সংক্রান্ত ত্রুটি-বিচ্যুতিগুলি দ্রুত সংস্কার করা যেতে পারে।
- ১৬.৩ মাল্টিপারপাস কাজে ব্যবহারের নিমিত্ত অডিটোরিয়ামে acounstic sound system এর ব্যবস্থা করা যেতে পারে।
- ১৬.৪ নির্ধারিত সময় অন্তর নিরাপত্তা নিশ্চিতকরণে স্টিল স্টাকচারসমূহের কারিগরী দিকগুলি নিয়মিত পরীক্ষা করতে হবে।